গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন

# ২০১৮-২০১৯

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

# বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ কমিটি

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | বেগম শাহিন ইসলাম, এনডিসি<br>মহাপরিচালক |
| **সদস্যবৃন্দ** | : | মো: মাসুদ করিম<br>অতিরিক্ত মহাপরিচালক |
| | | সুফী জাকির হোসেন<br>পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) |
| | | মো: নজরুল ইসলাম<br>পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) |
| | | মো: মুনজুরুল আলম<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| | | সৈয়দ জাহিদুল ইসলাম<br>উপ-পরিচালক (প্রশাসন) |
| | | আইরিন সুলতানা<br>উপ-পরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব) |
| | | মো: সোহেল পারভেজ<br>সহকারি পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) |
| | | সেখ ইজাবুর রহমান<br>সহকারি পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব) |
| **সদস্য সচিব** | : | মো: ফাইম সিদ্দিকী<br>গবেষণা কর্মকর্তা |

**প্রকাশকাল** : সেপ্টেম্বর ২০১৯

## প্রকাশনায়

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬।
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪৮, ফ্যাক্স : +৮৮ ০২ ৫৫০৭৯৪৪৩
e-mail:dg@nimc.gov.bd, Website-www.nimc.gov.bd

# মুখবন্ধ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট সুস্থ সমাজ গঠনের মহান ব্রত নিয়ে সুদীর্ঘ ৪০ বছর ধরে সার্থকভাবে কাজ করে আসছে। এ সংস্থার মূল উদ্দেশ্য মানুষকে উদ্দীপ্ত ও উদ্বুদ্ধকরণের কলা-কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান। সমসাময়িক জ্ঞানের বিস্তার, বাংলার মানুষকে সফলভাবে দেশপ্রেমে উদ্বুদ্ধকরণ, ঐক্য বদ্ধকরণ, সহমর্মিতা, সহনশীলতা ও মূল্যবোধ জাগ্রতকরণ এবং বিকাশের মাধ্যমে অশিক্ষা-কুশিক্ষামুক্ত সমাজ গঠনে দক্ষ গণমাধ্যম কর্মী সৃষ্টি করাই জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ব্রত।

উল্লিখিত লক্ষ্য অর্জনকল্পে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট টেলিভিশন ও বেতারে সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়াধীন কর্মকর্তা, ফ্রিল্যান্সার, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, কমিউনিটি রেডিও কর্মী এবং শিশু-সাংবাদিকসহ দেশের সরকারি ও বেসরকারি গণমাধ্যম কর্মীদের প্রশিক্ষণ দিয়ে যাচ্ছে।

প্রশিক্ষণের বিষয়বস্তুর মধ্যে রয়েছে নাটক, প্রামাণ্যচিত্র, সংবাদ রিপোর্টিং, সম্পাদনা ও উপস্থাপনা, সিনেমা, টেলিভিশন কমার্শিয়াল (TVC) এবং খন্ড চিত্র (Spot) তৈরির কলা-কৌশল এবং এর সাথে সংশ্লিষ্ট যন্ত্রপাতির ব্যবহার ও রক্ষণাবেক্ষণ।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট রাজধানীর বাইরেও বিভিন্ন জেলা ও উপজেলায় কর্মশালা আয়োজন করে দেশব্যাপী গণমাধ্যম কর্মীদের দক্ষতা বৃদ্ধিকরণে অবদান রাখছে।

গত শিক্ষাবর্ষ (জুলাই ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত) এ ইনস্টিটিউট ২৫টি প্রশিক্ষণ পাঠ্যধারা, নারী ও শিশুর অধিকার সংক্রান্ত সচেতনতা বিষয়ক ৩৩টি কর্মশালা, বিসিএস (তথ্য) কর্মকর্তাদের বিভাগীয় প্রশিক্ষণ, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ক ৭টি কর্মশালা, ৫টি বিশ্ববিদ্যালয়-এর জন্য টেলিভিশন নাটক প্রযোজনা সংক্রান্ত কোর্স, বর্ষব্যাপী পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম (PGDBJ) কোর্স, নিজস্ব সংস্থার লোকবলের জন্য ৩৬টি অভ্যন্তরীণ প্রশিক্ষণসহ সমসাময়িক বিষয়াদির ওপর বিভিন্ন কর্মশালার আয়োজন করেছে।

এছাড়া, এ সময়ে ৩টি গবেষণাপত্র, দু'টি সংবাদ বার্তা (News letter), একটি জার্নাল (Journal) এবং একটি প্রচারপত্র (Brochure) প্রকাশিত হয়েছে।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে বার্ষিক কর্ম পরিকল্পনা (APA) এর লক্ষ্যমাত্রা ৯৬.৭০% অর্জন করেছে। এখান থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে চাকুরীতে যোগ দিয়ে দক্ষতার সাথে গণমাধ্যম জগতে কাজ করে যাচ্ছে। এছাড়া, এখানে প্রশিক্ষণপ্রাপ্ত ১২জন প্রশিক্ষণার্থী UNICEF আয়োজিত ইলেকট্রনিক মিডিয়ার বিভিন্ন ক্যাটাগরির প্রতিযোগিতায় অংশ নিয়ে "মীনা এ্যাওয়ার্ড" পেয়েছে। এদের মধ্যে ৫ জন প্রথম পুরস্কার অর্জন করেছে।

এ প্রতিবেদনে ইনস্টিটিউট কর্তৃক সম্পাদিত কার্যক্রমের বিবরণ উপস্থাপন করা হয়েছে।

ইনস্টিটিউটের চলমান সফলতার জন্য এর কার্যক্রমের সাথে সম্পৃক্ত সকলকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

**শাহিন ইসলাম,** এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

# সূচিপত্র


| অধ্যায় | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম অধ্যায় | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট পরিচিতি | ১-৩ |
| দ্বিতীয় অধ্যায় | ইনস্টিটিউটের সিটিজেন'স চার্টার | ৪-৯ |
| তৃতীয় অধ্যায় | ইনস্টিটিউটের জনবল | ১০-১৩ |
| চতুর্থ অধ্যায় | ইনস্টিটিউটের সুযোগ সুবিধা | ১৪-১৫ |
| পঞ্চম অধ্যায় | লাইব্রেরি, কম্পিউটার ল্যাব ও আইসিটি | ১৬-২০ |
| ষষ্ঠ অধ্যায় | প্রশিক্ষণ এবং কর্মশালাসমূহ | ২১-৩১ |
| সপ্তম অধ্যায় | কোর্সসমূহের সংক্ষিপ্ত বিবরণ | ৩২-৩৫ |
| অষ্টম অধ্যায় | ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩৬-৩৮ |
| নবম অধ্যায় | প্রশিক্ষণ পদ্ধতি ও কোর্স মূল্যায়ন | ৩৯-৪৪ |
| দশম অধ্যায় | গবেষণা ও প্রকাশনা | ৪৫-৪৭ |
| একাদশ অধ্যায় | হোস্টেল ব্যবস্থাপনা নীতিমালা | ৪৮-৫১ |
| দ্বাদশ অধ্যায় | ইনস্টিটিউটের উন্নয়ন প্রকল্প | ৫২ |
| ত্রয়োদশ অধ্যায় | বাজেট ও হিসাব | ৫৩-৫৫ |
| চতুর্দশ অধ্যায় | ২০১৯-২০ অর্থবছরের প্রশিক্ষণপঞ্জি (পরিশিষ্ট-১) | ৫৬-৫৮ |
| | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট অর্গানোগ্রাম (পরিশিষ্ট-২) | ৫৯ |
| | ২০১৮-১৯ অর্থবছরের আলোকচিত্র (পরিশিষ্ট-৩) | ৬০-৬২ |

## প্রথম অধ্যায়

# জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
# (National Institute of Mass Communication)

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (সাবেক জাতীয় সম্প্রচার একাডেমি) প্রতিষ্ঠানটি UNDP (ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম), UNESCO (ইউনাইটেড নেশনস এডুকেশন সায়েন্টিফিক এন্ড কালচারাল অর্গানাইজেশন) এবং ITU (ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন)-এর সহযোগিতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি প্রকল্পরূপে ১৯৮০ খ্রিস্টাব্দে কার্যক্রম শুরু করে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (জাগই) তথ্য মন্ত্রণালয়ের অধীনস্থ একটি অধিদপ্তর এবং বাংলাদেশে তথ্য সার্ভিস ও ইলেকট্রনিক গণমাধ্যমের ক্ষেত্রে একমাত্র সরকারি প্রশিক্ষণ কেন্দ্র। এ ইনস্টিটিউটে বেতার ও টেলিভিশনের অনুষ্ঠান ও প্রকৌশল বিষয়সমূহ, চলচ্চিত্র, রিপোর্টিং এবং তথ্য ও উন্নয়ন যোগাযোগের ওপর প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার পরিচালিত হয়।

এছাড়াও বেসরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তি যারা ইলেকট্রনিক মাধ্যম ও গণমাধ্যমের সঙ্গে যুক্ত বা যুক্ত হতে আগ্রহী, তারা এখানে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে পারেন। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, তথ্য অধিদফতর এবং গণযোগাযোগ অধিদপ্তরে কর্মরত সম্প্রচার ও যোগাযোগ কর্মকর্তাদের পেশাগত দক্ষতা ও কারিগরি জ্ঞানদানের মাধ্যমে সম্প্রচার, চলচ্চিত্র ও গণযোগাযোগ কর্মকান্ডে উন্নতি সাধন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রধান লক্ষ্য। প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে বাংলাদেশে ইলেকট্রনিক মিডিয়ার সময়োপযোগী উন্নয়নও এ ইনস্টিটিউটের মূল দায়িত্ব। প্রশিক্ষণের মাধ্যমে উন্নয়ন যোগাযোগকে আরো গতিশীল ও বস্তুনিষ্ঠ করে তোলা জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মূল কাজ।

**রূপকল্প (Vision) :**

গণমাধ্যমের জন্য কার্যকর, দক্ষ ও ফলপ্রসূ জনশক্তি প্রস্তুতকরণ।

**অভিলক্ষ্য (Mission) :**

জ্ঞান এবং দক্ষতা নির্ভর প্রশিক্ষণের মাধ্যমে সম্প্রচার জগতের জন্য একবিংশ শতাব্দীর উপযোগী মানব সম্পদ গড়ে তোলা।

**কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :**

১. বেতার, টেলিভিশন, চলচ্চিত্রসহ সকল প্রকার ইলেকট্রনিক গণমাধ্যম ও গণযোগাযোগের জন্য মানব সম্পদ উন্নয়ন।

২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।

৩. সামাজিক সচেতনতা বৃদ্ধি ও নৈতিকতা উন্নয়ন।

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

৫. গণমাধ্যম বিষয়ক নীতিমালা সুপারিশ।

## ইনস্টিটিউটের কার্যাবলী (Funtions/Activities) :




ক) বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, তথ্য অধিদফতর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, প্রেস ইনস্টিটিউট, ফিল্ম আর্কাইভ, সেন্সর বোর্ড, তথ্য ক্যাডারসহ তথ্য মন্ত্রণালয়ের সকল দপ্তরে কর্মরত সরকারী পর্যায়ে সম্প্রচার ও যোগাযোগকর্মীদের দক্ষতা ও কারিগরি মান বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;

খ) বেসরকারী পর্যায়ে গণমাধ্যম পেশায় নিয়োজিত এবং নবাগতদের অনুষ্ঠান শাখা, প্রকৌশল শাখা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতার কলাকুশলীদের প্রশিক্ষণের মাধ্যমে বেতার ও টেলিভিশন সম্প্রচারের মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ;

গ) চলচ্চিত্রকর্মীদের জন্য চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ প্রদান;

ঘ) বিভিন্ন ধরনের সেমিনার ও কর্মশালার আয়োজন;

ঙ) এক বছর মেয়াদি পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম পরিচালনা;

চ) অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা;

ছ) বেতার, টেলিভিশন ও চলচ্চিত্র বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;

জ) মিডিয়ার সঙ্গে সম্পৃক্ত অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সংগে যোগাযোগ স্থাপন;

ঝ) ইনস্টিটিউট কর্তৃক বিভিন্ন পাঠ্যধারায় নির্মিত বেতার ও টেলিভিশন অনুষ্ঠান সিডি ও ডিভিডিতে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করে লাইব্রেরি সমৃদ্ধকরণ;

ঞ) উন্নয়ন সম্প্রচার ও গণযোগাযোগের ক্ষেত্রে সম্পৃক্ত বিষয়ে সেমিনার, কর্মশালা ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি আয়োজন;

ট) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে ইলেকট্রনিক ও চলচ্চিত্র মাধ্যম সংক্রান্ত বিভিন্ন অনুষ্ঠানের দর্শক চাহিদা, প্রশিক্ষণ চাহিদা সংক্রান্ত উপাত্ত সংগ্রহ, দর্শক ও শ্রোতার মতামত এবং অনলাইন মিডিয়া সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রম পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ;

ঠ) বেতার, টেলিভিশন এবং নিউমিডিয়ার ক্ষেত্রে পরামর্শ সেবা প্রদানের জন্য গণমাধ্যম বিষয়ক জার্নাল ও সংবাদ বার্তা প্রকাশ ।

ড) এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় নাট্যকলা/নাটক ও নাট্যতত্ত্ব/ থিয়েটার এন্ড পারফরম্যান্স বিভাগের শিক্ষার্থীদের জন্য 'টেলিভিশন নাটক প্রযোজনা' প্রশিক্ষণ পাঠ্যধারা এখানে অনুষ্ঠিত হয় ।

**মূল লক্ষ্য উদ্দেশ্য/কর্মপরিধি :**

এই ইনস্টিটিউটে বেতার ও টেলিভিশনের সংবাদ/অনুষ্ঠান, চলচ্চিত্র/ডকুমেন্টারি পরিকল্পনা, নির্মাণ ও পরিবেশনা, প্রকৌশলগত ও রক্ষণাবেক্ষণ এবং জনসংযোগের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন স্তরবিশিষ্ট পাঠ্যধারার ব্যবস্থা রয়েছে। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য অধিদফতর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, কমিউনিটি রেডিও এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান এর অন্যতম দায়িত্ব।

**প্রশাসন ও ব্যবস্থাপনা :**

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট তথ্য মন্ত্রণালয়ের অধীন একটি অধিদপ্তর। তথ্য মন্ত্রণালয় এ ইনস্টিটিউটের কর্মকান্ডের জন্য সহায়ক প্রশিক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন কার্যাবলীর নীতি নির্ধারণ করে থাকে। তবে প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও তা বাস্তবায়নের ক্ষেত্রে ইনস্টিটিউটের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যৌক্তিক মাত্রায় স্বাধীনতা অনুশীলন করেন। জন প্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ২০০৩ অনুসারে এ ইনস্টিটিউটের কর্মকান্ড পরিচালিত হয়।

**সাংগঠনিক কাঠামো :**

মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে মহাপরিচালক কর্তৃক এ দপ্তরের প্রশাসন ও আর্থিক ব্যবস্থা পরিচালিত হয়ে থাকে। প্রতিষ্ঠানের মহাপরিচালক সরকারের অতিরিক্ত সচিব পর্যায়ের একজন কর্মকর্তা। মহাপরিচালককে সহায়তা প্রদানের জন্য একজন অতিরিক্ত মহাপরিচালক রয়েছেন। প্রতিষ্ঠানের প্রশিক্ষণ ও প্রশাসনিক কার্য নির্বাহে তিনজন কর্মকর্তা পরিচালক হিসেবে কর্মরত রয়েছেন। পরিচালকগণের ওপর ন্যস্ত এ প্রতিষ্ঠানের নিম্নরূপ ০৩টি বিভাগ রয়েছে :

(ক) পরিচালক (প্রশিক্ষণ-অনুষ্ঠান)

(খ) পরিচালক (প্রশিক্ষণ-প্রকৌশল)

(গ) পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

# দ্বিতীয় অধ্যায়

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

১. রূপকল্প (Vision) :

গণমাধ্যমের জন্য কার্যকর, দক্ষ ও ফলপ্রসূ জনশক্তি প্রস্তুতকরণ।

অভিলক্ষ্য (Mission):

জ্ঞান এবং দক্ষতানির্ভর প্রশিক্ষণের মাধ্যমে সম্প্রচার জগতের জন্য একবিংশ শতাব্দীর উপযোগী মানবসম্পদ গড়ে তোলা।

২. প্রতিশ্রুত সেবাসমূহ : **ক) নাগরিক সেবা**

**খ) প্রাতিষ্ঠানিক সেবা এবং**

**গ) অভ্যন্তরীণ সেবা।**

**২. ক) নাগরিক সেবা :**

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | প্রশিক্ষণপঞ্জি | ইনস্টিটউটের নিজস্ব ওয়েবসাইট www.nimc.gov.bd এর হোমপেইজে গিয়ে আইকনে ক্লিক করতে হবে। এরপর কোর্স ব্রাউজ করলে প্রশিক্ষণ মডিউলের যাবতীয় তথ্য পাওয়া যাবে।<br><br>সংশ্লিষ্ট পাঠ্যধারা পরিচালক ও সমন্বয়কারির সাথে যোগাযোগ করলে পাঠ্যধারার তথ্য জানা যাবে। | প্রযোজ্য নয় | বিনামূল্যে | প্রতি অর্থ বছরের ৩০জুনের মধ্যে কোর্সের নাম ওয়েবসাইটে প্রকাশ করা হবে।<br>৩১ আগস্ট-এর মধ্যে প্রশিক্ষণপঞ্জি প্রকাশ করা হবে। | সংশ্লিষ্ট পাঠ্যধারা পরিচালক ও সমন্বয়কারি |
| ২. | গণমাধ্যম বিষয়ক প্রশিক্ষণ কোর্স | প্রশিক্ষণ শুরুর কমপক্ষে ১৫ দিন পূর্বে পত্রিকায় বিজ্ঞপ্তি এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে। তথ্য মন্ত্রণালয়াধীন দপ্তরসমূহ এবং অন্যান্য সরকারি দপ্তরে প্রশিক্ষণ শুরুর পূর্বে মনোনয়ন চেয়ে চিঠি পাঠানো হবে। | মনোনয়ন পত্র অংশগ্রহণকারির সদ্যতোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি | ২০০/- মূল্যের আবেদনপত্র এবং প্রতি সপ্তাহের জন্য ১০০০/- বা ১৫০০/- হারে প্রশিক্ষণ সময় অনুযায়ী কোর্স ফি-নির্ধারিত হবে। | প্রশিক্ষণের নির্ধারিত সময় | তথ্য প্রদানকারি কর্মকর্তা<br>সেখ ইজাবুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>(চলতি দায়িত্ব)<br>ফোন:৫৫০৭৯৪৫৫<br>ই-মেইল : ejabur.nimc@gmail.com |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩. | গণমাধ্যম বিষয়ক কর্মশালা ও সেমিনার | প্রশিক্ষণ শুরুর কমপক্ষে ৭ দিন পূর্বে সংশ্লিষ্ট দপ্তরে মনোনয়ন আহ্বান করা হয়। | অংশগ্রহণকারীর সদ্যতোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র | বিনামূল্যে | পরিবর্তনশীল | পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ফোন: ৫৫০৭৯৪৩২ পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) ফোন: ৫৫০৭৯৪৩৩ পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ফোন: ৫৫০৭৯৪৩১ |
| ৪. | পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম | আবেদনপত্র বিতরণ শুরু-০২ মে, (প্রতিবছর) জমা দানের শেষ তারিখ-৩১ মে, (প্রতিবছর) ভর্তি পরীক্ষা-০৬ জুন, (প্রতিবছর) ফলাফল প্রকাশ-১১ জুন (প্রতিবছর) ভর্তির সময়সূচি-(মেধা তালিকা)-১৫ জুন, (প্রতিবছর)-(অপেক্ষমান তালিকা)-২২ জুন, (প্রতিবছর) | ওয়েবসাইট/ অফিস রুম নং ৩১৫ হতে সরবরাহকৃত ছকে আবেদন পত্র: সকল পরীক্ষা সনদপত্র এবং নম্বর পত্রের ফটোকপি (সত্যায়িত) ২ কপি সত্যায়িত ছবি: চারিত্রিক সনদপত্র বিদেশি বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত সমমানের ডিগ্রির সত্যায়িত সনদপত্র (ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সমমান) | আবেদন পত্র-২০০/- ভর্তি ফি-১০,০০০/- ঢাকা বিশ্ববিদ্যালয় বিধি মোতাবেক রেজিস্ট্রেশন ফি, পরীক্ষা ফি এবং অন্যান্য ফি প্রযোজ্য হবে। | ৬ মাস ব্যাপী ২টি সেমিস্টারে ০১ বছর যাবত শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে। | সুফী জাকির হোসেন পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ফোন: ৫৫০৭৯৪৩২ ই-মেইল : zakirnel2005@yahoo .com |
| ৫. | অনলাইনে আবেদন পত্র গ্রহণ | প্রশিক্ষণ শুরুর পূর্বে অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। অনলাইনের আবেদন পত্র পূরণ করে জমা দেওয়া যাবে। | আবেদনকারীর ছবির সফট কপি। সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের স্ক্যান কপি। এছাড়া বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য কাগজপত্র। | অনলাইনে বিনামূল্যে আবেদন করা যাবে এবং পরবর্তীতে অফিস হতে ২০০/- টাকা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। | প্রশিক্ষণের পূর্বে বিজ্ঞপ্তিতে বর্ণিত সময় অনুযায়ী | জনাব আব্দুস সালাম প্রোগ্রামার ফোন : ৫৫০৭৯৪৩৭ ই-মেইল: salam_cst4324@ yahoo.com |
| ৬. | অনলাইন প্রশিক্ষণ | অনলাইনে যেকোনো ব্যক্তি যে কোনো স্থান হতে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন। | অনলাইন আবেদনপত্র। ছবির স্ক্যান কপি। সর্বশেষ অর্জিত সনদপত্রের স্ক্যান কপি। মনোনয়ন পত্র। | তথ্য মন্ত্রণালয়ের অধীন দপ্তরসমূহ ব্যতীত সকল ক্ষেত্রে সপ্তাহ প্রতি ১,০০০/- টাকা ফি। ব্যাংক ড্রাফট / পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ যোগ্য। | প্রশিক্ষণপঞ্জীতে বর্ণিত নির্ধারিত সময়। | সংশ্লিষ্ট পাঠ্যধারা পরিচালক ও সমন্বয়কারী |
| ৭. | ডুপ্লিকেট সনদপত্র প্রদান | আবেদনপত্র | থানার জিডিসহ সনদপত্রের ফটোকপি/ অবমুক্তকরণপত্র | বিনামূল্যে | ০৭ (সাত) দিন | সংশ্লিষ্ট কোর্স পরিচালক |
| ৮. | ডিজিটাল ডিসপ্লে বোর্ড | চলমান প্রশিক্ষণের নাম ও মেয়াদ জানা যাবে। | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | বছরব্যাপী | জনাব মারুফ হোসেন রক্ষণ প্রকৌশলী ফোন : ৫৫০৭৯৪৩৬ ই-মেইল: maruf66nimc@gmail.com |

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৯. | অটোমেটেড লাইব্রেরি | প্রশিক্ষণার্থীবৃন্দ লাইব্রেরির সদস্য হলে অনলাইনে বাছাই করে বই নিতে পারবেন। | প্রশিক্ষণার্থীর নাম। শ্রেণিকক্ষের রোল নম্বর। কার্যকর ই-মেইল আইডি। কার্যকর মোবাইল নম্বর সংশ্লিষ্ট পাঠ্যধারা প্রশাসনের অনুমোদন। | প্রযোজ্য নয় | বছরব্যাপী (প্রশিক্ষণ চলাকালীন) | কাজী ওমর খৈয়াম সহকারি লাইব্রেরিয়ান ফোন : ৫৫০৭৯৩৮-৪২ ই-মেইল : jamil2220@hotmail.com |
| ১০. | প্রশিক্ষণ সংশ্লিষ্ট সুবিধাদি ব্যবহার - যেমন শ্রেণিকক্ষ, বেতার-টিভি স্টুডিও, বেতার-টিভি ল্যাব, কম্পিউটার ল্যাব, ডরমিটরি ভবনের কক্ষ, অডিটোরিয়াম, মাল্টিমিডিয়া প্রজেক্টর, মাইক্রোফোনসহ পিএ সিস্টেম ও ক্যামেরা ইত্যাদি | ৭ (সাত) কর্মদিবস পূর্বে আবেদন করতে হবে। ভাড়ার হার নির্ধারিত | ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষ থেকে মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। | নির্ধারিত ভাড়া পে অর্ডার/ ব্যাংক ড্রাফটের মাধ্যমে পরিশোধযোগ্য। | বছরব্যাপী, প্রাপ্যতা অনুযায়ী। | জনাব মো. মুনজুরুল আলম পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ফোন: ৫৫০৭৯৪৩১ ই-মেইল: mmunzurulalam@yahoo.com |
| ১১. | ই-টেন্ডারিং ব্যবস্থা | www.eprocure.gov.bd এ ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহ ই-টেন্ডারে অংশগ্রহণ করতে পারবে। | সরকার নির্ধারিত সিপিটিইউ (CPTU) এর স্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্ট এর যাচিত তথ্য এবং কাগজপত্র। | দরপত্রের ধরণ অনুযায়ী নির্ধারিত টাকা ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে পরিশোধযোগ্য। | পিপিআর ২০০৮ অনুযায়ী সিডিউল সময়সীমা | সংশ্লিষ্ট ক্রয়কারী কর্তৃপক্ষ |
| ১২. | প্রকাশনা | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | বছরব্যাপী | মিজ আইরিন সুলতানা উপ-পরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব) ফোন: ৫৫০৭৯৪৪৪ ই-মেইল: irin7july@gmail.com মো: ফাইম সিদ্দিকী গবেষণা কর্মকর্তা ফোন : ৫৫০৭৯৪৪৫ ই-মেইল: fahim20ju@yahoo.com |
| ১৩. | গবেষণা | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে অনুষ্ঠিত পাঠ্যধারাসমূহ এবং পাঠ্যধারায় আগত সম্পদব্যক্তিদের মূল্যায়ন, ইলেকট্রনিক গণমাধ্যমের উপর গবেষণা কার্যক্রম পরিচালিত হয়। উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে গবেষক নির্বাচন করা হয়। | বছরের শুরুতে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট গবেষণার সংখ্যা এবং বিষয় অনুমোদন করে। | গবেষণার ধরনের ওপর ব্যয় নির্ধারণ করা হবে। | গবেষণার প্রকৃতি এবং ধরনের ওপর ভিত্তি করে সময় নির্ধারণ করা হবে। | গবেষণা কর্মকর্তা জনাব মো. ফাইম সিদ্দিকী ফোন: ৫৫০৭৯৪৪৫ ই-মেইল: fahim20ju@yahoo.com |

## ২. খ) প্রাতিষ্ঠানিক সেবা :

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | তথ্য মন্ত্রণালয়াধীন প্রতিষ্ঠানসমূহ এবং জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তাদের বুনিয়াদি ও পেশাগত প্রশিক্ষণ | প্রশিক্ষণ | সংশ্লিষ্ট অফিসের চাহিদা পাওয়া সাপেক্ষে | প্রযোজ্য ক্ষেত্রে ফি প্রদেয় | ১২ সপ্তাহ /৮ সপ্তাহ | সংশ্লিষ্ট পাঠ্যধারা পরিচালক ও সমন্বয়ক |
| ২. | নির্দিষ্ট পাবলিক বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব /নাট্যকলা/ থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য প্রশিক্ষণ | প্রশিক্ষণ | সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় থেকে চাহিদা পাওয়া সাপেক্ষে | নির্ধারিত ফি প্রযোজ্য | ৩ সপ্তাহ | সংশ্লিষ্ট পাঠ্যধারা পরিচালক ও সমন্বয়ক |
| ৩. | বিভাগীয় পরীক্ষা গ্রহণ | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এবং বাংলাদেশ টেলিভিশনের প্রথম শ্রেণির কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষা গ্রহণ করা হয়। | বিটিভি কর্তৃপক্ষ কর্তৃক মহাপরিচালক বরাবর লিখিত আবেদন দাখিল করা সাপেক্ষে বিভাগীয় পরীক্ষা গ্রহণ করা হয়। | মন্ত্রণালয়/বিটিভি/ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের নির্দেশনা অনুযায়ী | বছরের নির্দিষ্ট সময় লিখিত প্রস্তাব পাওয়া সাপেক্ষে | তথ্য প্রদানকারি কর্মকর্তা সেখ ইজাবুর রহমান সহকারি পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব) ফোন : ৫৫০৭৯৪৫৫ ই-মেইল : ejabur.nimc@gmail.com |
| ৪. | প্রশিক্ষণ সংশ্লিষ্ট সুবিধাদি ব্যবহার যেমন-শ্রেণিকক্ষ বেতার-টিভি ল্যাব, কম্পিউটার ল্যাব, ডরমিটরি ভবনের কক্ষ অডিটোরিয়াম, মাল্টিমিডিয়া প্রজেক্টর, মাইক্রোফোনসহ পিএ সিস্টেম, ক্যামেরা ইত্যাদি | ৭ (সাত) কর্মদিবস পূর্বে আবেদন করতে হবে। ভাড়ার হার নির্ধারিত । | ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষ থেকে মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। | নির্ধারিত ভাড়া পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে পরিশোধযোগ্য। | বছরব্যাপী, চাহিদা অনুযায়ী খালী থাকা সাপেক্ষে | জনাব মো: মুনজুরুল আলম পরিচালক (প্রশা. ও উন্ন.) ফোন : ৫৫০৭৯৪৩১ ই-মেইল : mmunzurulalam@yahoo.com |

## ২. গ) অভ্যন্তরীণ সেবা :

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | গণকর্মচারির বাৎসরিক ৬০ (ষাট) ঘন্টা বাধ্যতামূলক অভ্যন্তরীণ প্রশিক্ষণ | প্রশিক্ষণ/ কর্মশালা | অফিস কর্তৃক মনোনয়ন | প্রযোজ্য নয় | বছরব্যাপী | সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
| ২. | লজিস্টিক | নির্ধারিত ফরমে চাহিদা প্রদান করলে অনুমোদন সাপেক্ষে সেবা পাওয়া যায় | নির্ধারিত ছক প্রশাসন শাখা | বিনামূল্যে | সর্বোচ্চ ৩ কর্ম দিবস | জনাব মোহাম্মদ আকরাম হোসেন খান স্টোর অফিসার ফোন: ৫৫০৭৯৪৩৮-৪২ ই-মেইল: akramnimc@gmail.com |
| ৩. | ভবিষ্য তহবিল থেকে টাকা উত্তোলন | প্রতি অর্থ বছরে বিধি মোতাবেক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | আবেদন পত্র প্রশাসন শাখা হতে পাওয়া যাবে। | বিনামূল্যে | সর্বোচ্চ ০৭ কর্ম দিবস | প্রশাসন শাখা |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৪. | বিভিন্ন ধরনের অগ্রিম | প্রতি অর্থ বছরে বিধি মোতাবেক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | নির্ধারিত ছক<br>তথ্য মন্ত্রণালয় | বিনামূল্যে | ০৩ (তিন) মাস | প্রশাসন শাখা |
| ৫. | ইন্টারনেট সংযোগ এবং তদারকি | অফিসের সর্বত্র ইন্টারনেট সেবা পাওয়া যায়। | প্রযোজ্য নয় | বিনামূল্যে | ইন্টারনেট সংযোগ ব্যাহত হলে সর্বোচ্চ ৩ কর্ম দিবসের মধ্যে সেবা প্রদান করা হবে। | জনাব মোহা. আব্দুস সালাম<br>প্রোগ্রামার<br>ফোন: ৫৫০৭৯৪৩৭<br>ই-মেইল:<br>salam_cst4324@yahoo.com |
| ৬. | কম্পিউটার মেরামত ও রক্ষণাবেক্ষণ | কম্পিউটার ব্যবহারে কোনো সমস্যা হলে নোট প্রদানের মাধ্যমে প্রয়োজনীয় সেবা পাওয়া যায়। | অনুমোদিত নোট | বিনামূল্যে | সর্বোচ্চ ০৭ কর্ম দিবস | জনাব মোহা. আব্দুস সালাম<br>প্রোগ্রামার<br>ফোন: ৫৫০৭৯৪৩৭<br>ই-মেইল:<br>salam_cst4324@yahoo.com |
| ৭. | ডিজিটাল হাজিরা | কর্মকর্তা/কর্মচারীবৃন্দ অফিস শুরু এবং শেষে মেশিন এর মাধ্যমে হাজিরা নিশ্চিত করবেন। | দপ্তরের প্রবেশ পথে স্থাপিত যন্ত্রে | বিনামূল্যে | বছরব্যাপী | তথ্য প্রদানকারী কর্মকর্তা<br>সেখ ইজাবুর রহমান<br>সহকারি পরিচালক (প্রশাসন)<br>(অতিরিক্ত দায়িত্ব)<br>ফোন : ৫৫০৭৯৪৫৫<br>ই-মেইল:<br>ejabur.nimc@gmail.com |
| ৮. | ই-ফাইল ম্যানেজমেন্ট | অনলাইনে বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত পত্র গ্রহণ এবং অভ্যন্তরীন পত্র যোগাযোগ, পত্র জারি, পত্র প্রেরণ করা যাবে। | প্রয়োজনীয় চিঠিপত্র | প্রযোজ্য নয় | বছরব্যাপী | সকল কর্মকর্তা ও কর্মচারী |
| ৯. | ইনস্টিটিউটের মূলভবন, অডিটোরিয়াম, রেডিও স্টুডিও, টিভি স্টুডিও, ডরমিটরি, ক্যান্টিন, ডাবিং থিয়েটার ও অন্যান্য কারিগরি এলাকা স্থাপন ও রক্ষণাবেক্ষণ । | প্রাত্যহিক কাজের অংশ হিসেবে নিয়মানুযায়ী প্রতিনিয়ত ইনস্টিটিউটের যাবতীয় স্থাপনা পরিদর্শন করা হয়, প্রযোজ্য ক্ষেত্রে রক্ষণাবেক্ষণের কাজ করা হয়,<br>উদ্ভূত যে কোনো পরিস্থিতিতে তাৎক্ষণিকভাবে সমস্যার সমাধান করা হয়। | প্রযোজ্য নয় | বিনামূল্যে | অফিস সময়ে এবং প্রয়োজনে ছুটির দিনে কাজ করা হয়। | জনাব মারুফ হোসেন<br>রক্ষণ প্রকৌশলী<br>ফোন : ৫৫০৭৯৪৩৬<br>ই-মেইল:<br>maruf66nimc@gmail.com |
| ১০. | প্রশিক্ষণের কারিগরি সহায়তা প্রদান | প্রশিক্ষণ চলাকালীন প্রয়োজন অনুসারে কারিগরি সহায়তা প্রদান করা হয়। | প্রযোজ্য নয় | বিনামূল্যে | প্রশিক্ষণ চলাকালীন | জনাব মারুফ হোসেন<br>রক্ষণ প্রকৌশলী<br>ফোন : ৫৫০৭৯৪৩৬<br>ই-মেইল:<br>maruf66nimc@gmail.com |
| ১১. | বাজেট প্রণয়ন | প্রতি অর্থবছর শুরুর পূর্বেই বিভিন্ন শাখার চাহিদার পরিপ্রেক্ষিতে বাজেট প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | বিভিন্ন শাখা হতে প্রাপ্ত অভ্যন্তরীন বাজেট | বিনামূল্যে | নির্ধারিত সময় | জনাব মোহা: আব্দুল জলিল<br>উপ-পরিচালক (অর্থ)<br>ফোন : ৫৫০৭৯৪৪৬<br>ই-মেইল:<br>ajalil078@gmail.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |
| ১২. | অধিদপ্তরের ব্যয় নির্বাহ | অধিদপ্তরের বাজেট অনুসারে অনুমোদন সাপেক্ষে ব্যয় নির্বাহ করা হয়। | অনুমোদিত বাজেট, বিল, ভাউচার ইত্যাদি | বিনামূল্যে | ০১ জুলাই হতে ৩০ জুন | জনাব মোহাঃ আব্দুল জলিল<br>উপ-পরিচালক (অর্থ)<br>ফোন : ৫৫০৭৯৪৪৬<br>ই-মেইল: ajalil078@gmail.com |
| ১৩. | প্রশিক্ষণে অংশগ্রহণ | প্রশিক্ষণে আগ্রহী কর্মকর্তা/কর্মচারী মহাপরিচালক বরাবর আবেদন করে অনুমোদন সাপেক্ষে অংশগ্রহণ করতে পারেন। | আবেদন পত্র | বিনামূল্যে | প্রশিক্ষণ শুরুর পূর্বে | সংশ্লিষ্ট কোর্স পরিচালক |
| ১৪. | লাইব্রেরি ব্যবহার | কর্মকর্তা-কর্মচারী লাইব্রেরির সদস্য হলে অনলাইনে বাছাই করে বই নিতে পারবেন। | কর্মকর্তা-কর্মচারী নাম।<br>কার্যকর ই-মেইল আইডি।<br>কার্যকর মোবাইল নম্বর | প্রযোজ্য নয় | বছরব্যাপী | কাজী ওমর খৈয়াম<br>সহকারি লাইব্রেরিয়ান<br>ফোন : ৫৫০৭৯৩৮-৪২<br>ই-মেইল : jamil2220@hotmail.com |
| ১৫. | যানবাহন ব্যবস্থা | চাহিদাপত্র / আবেদনপত্র | প্রশাসন শাখা | আইন অনুযায়ী | বছরব্যাপী | প্রশাসন শাখা |

৩. আওতাধীন দপ্তর/ সংস্থা/অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সিটিজেন'স চার্টার লিংক আকারে যুক্ত করতে হবে– প্রযোজ্য নয়।

৪. আপনার কাছে আমাদের প্রত্যাশা:

| ক্রম | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তিতে করণীয় |
|---|---|
| ০১. | স্বয়ংসম্পূর্ণ আবেদনপত্র জমা প্রদান। |
| ০২. | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা। |
| ০৩. | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বে উপস্থিত থাকা। |
| ০৪. | প্রতিটি কোর্স সম্পর্কে যথাযথ ধারণা লাভের জন্য সচেষ্ট থাকা। |
| ০৫. | সেবা লাভের পর আপনার মূল্যবান মতামত প্রদান করা। |
| ০৬. | প্রতিষ্ঠানের নিয়মনীতি যথাযথভাবে মেনে চলা। |

৬. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করুন:

| ক্রম নং | কখন যোগাযোগ করবেন | কার সাথে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিস্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | মহাপরিচালক | মহাপরিচালক<br>জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট<br>দূরাঃ ৫৫০৭৯৪২৮<br>ইমেইল: dg@nimc.gov.bd | আবেদনপ্রাপ্তির পরবর্তী ১৫ দিনের মধ্যে |
| ২. | মহাপরিচালক নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | সচিব | সচিব (দৃ:আ: উপ-সচিব, বাজেট)<br>তথ্য মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০<br>দূরা: ৯৫৫৫০১৮<br>ইমেইল: ds.budget@moi.gov.bd | আবেদনপ্রাপ্তির পরবর্তী ১৫ দিনের মধ্যে |

# তৃতীয় অধ্যায়

## ইনস্টিটিউটের জনবল

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে ৯ম থেকে ২য় গ্রেডের ৩৫ জন, ১০ম গ্রেডের ১৬ জন, ১৬ তম গ্রেড থেকে ১১ তম গ্রেডের ৪৮ জন এবং ১৭ম গ্রেড থেকে ২০ তম গ্রেডের ৩২ জনসহ সর্বমোট ১৩১ জনবল রয়েছে। বর্তমানে কর্মরত রয়েছে ১২৭ জন।

**(১০ম গ্রেড থেকে ২য় গ্রেড)**

| ক্রমিক | কর্মরত কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী |
|---|---|---|
| ১. | বেগম শাহিন ইসলাম, এনডিসি | মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| ২. | জনাব মো: মাসুদ করিম | অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| ৩. | সুফী জাকির হোসেন | পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) |
| ৪. | জনাব মো: নজরুল ইসলাম | পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) |
| ৫. | জনাব মোঃ মুনজুরুল আলম | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৬. | বেগম রওনক জাহান | উপ-পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ) |
| ৭. | জনাব মোহা: আব্দুল জলিল | উপ-পরিচালক (অর্থ) |
| ৮. | সৈয়দ জাহিদুল ইসলাম | উপ-পরিচালক (প্রশাসন) |
| ৯. | জনাব মোহাম্মদ আবু সাদেক | উপ-পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ) |
| ১০. | জনাব মারুফ হোসেন | রক্ষণ প্রকৌশলী |
| ১১. | বেগম নিবেদিতা তুলি | উপ-পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) |
| ১২. | বেগম শাহিদা সুলতানা | উপ-পরিচালক (ক্যামেরা ও আলোকসম্পাত প্রশিক্ষণ) |
| ১৩. | বেগম শিউলি দাস | উপ-পরিচালক (টিভি প্রকৌশল প্রশিক্ষণ) |
| ১৪. | জনাব মো: আবুজার গাফফারী | উপ-পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ) |
| ১৫. | জনাব মোহা: আব্দুস সালাম | প্রোগ্রামার |
| ১৬. | বেগম আইরিন সুলতানা | উপ-পরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব) |
| ১৭. | বেগম সুমনা পারভীন | উপ-পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ) (চলতি দায়িত্ব) |
| ১৮. | জনাব দেওয়ান আশরাফুল ইসলাম | সহকারি প্রোগ্রামার |
| ১৯. | জনাব মো: ফাইম সিদ্দিকী | গবেষণা কর্মকর্তা (বেতার, টেলিভিশন, চলচ্চিত্র ও গণযোগাযোগ) |
| ২০. | জনাব নাফিস আহমেদ | সহকারি পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ) |
| ২১. | জনাব মো: সোহেল পারভেজ | সহকারি পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) |
| ২২. | বেগম হেনা বিউটি | সহকারি পরিচালক (অর্থ) |
| ২৩. | জনাব আসিফ মোহাম্মদ | সহকারি পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ) |
| ২৪. | জনাব মো: মাসুদ মনোয়ার ভূঁঞা | সহকারি পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পা: প্রশি:) |
| ২৫. | জনাব মো: আব্দুল মান্নান | সহকারি পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশি:) |
| ২৬. | বেগম ইসমত জাহান চৌধুরী | চিত্রগ্রাহক (অতিরিক্ত দায়িত্ব) |
| ২৭. | সেখ ইজাবুর রহমান | সহকারি পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব) |
| ২৮. | জনাব প্রদীপ কুমার ঢালী | উপ-সহকারী প্রকৌশলী (শীতাতপ) |
| ২৯. | জনাব মো: আবু হাসান | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) |
| ৩০. | জনাব মোহাম্মদ আকরাম হোসেন খান | স্টোর অফিসার |
| ৩১. | জনাব মো: আবু মুসা সরকার | হোস্টেল তত্ত্বাবধায়ক |
| ৩২. | জনাব মো: রাসেল | উপ-সহকারী প্রকৌশলী (বেতার) |
| ৩৩. | জনাব আবদুল হান্নান | গণসংযোগ কর্মকর্তা |
| ৩৪. | কাজী ওমর খৈয়াম | সহকারী গ্রন্থাগারিক |

## (১৬ম গ্রেড থেকে ১১ তম গ্রেড)

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মো: নোমান | হিসাব রক্ষক |
| ২. | জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর | প্রধান সহকারি |
| ৩. | জনাব মো: তারিক হাসান | সহকারি হিসাব রক্ষক |
| ৪. | জনাব সুধন্য কুমার রায় | উচ্চমান সহকারি |
| ৫. | আহলাদী রাণী ধর | সাটঁলিপিকার কাম কম্পিউটার অপারেটর |
| ৬. | জনাব মো: রবিউল ইসলাম | সাটঁলিপিকার কাম কম্পিউটার অপারেটর |
| ৭. | জি. এম সাইফুল ইসলাম | সাটঁলিপিকার কাম কম্পিউটার অপারেটর |
| ৮. | জনাব মো: আরিফ আসমার রাজির | সাটঁলিপিকার কাম কম্পিউটার অপারেটর |
| ৯. | জনাব মো: ইউসুব আলী | ট্রান্সপোর্ট সুপারভাইজার |
| ১০. | জনাব সুধীর মন্ডল | সিনিয়র মেকানিক |
| ১১. | জনাব মো: আশরাফুল ইসলাম | কেয়ার টেকার |
| ১২. | জনাব মো: আলাউদ্দিন খিলজী | ভান্ডার রক্ষক |
| ১৩. | জনাব মোহাম্মদ আতিকুর রহমান | ভান্ডার রক্ষক |
| ১৪. | জনাব মো: আবদুল হামিদ | মেকানিক |
| ১৫. | জনাব মো: কামরুল হাসান শান্ত | মেকানিক |
| ১৬. | জনাব মো: গোলাম মোস্তফা | কাঠ মিস্ত্রী |
| ১৭. | জনাব মোহাম্মদ গিয়াস উদ্দীন | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ১৮. | বেগম সাজেদা খাতুন | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ১৯. | জনাব জাকারিয়া | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ২০. | বেগম রিতা নরুন্নাহার | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ২১. | জনাব বোরহান উদ্দিন | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ২২. | জনাব আবু ইউসুফ মোঃ কামরুল হাসান | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ২৩. | বেগম শিউলী আক্তার | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ২৪. | জনাব মো : সেলিম রেজা | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ২৫. | জনাব মো : আবুল কালাম | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ২৬. | জনাব মো : আসিফ | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ২৭. | জনাব মো: আমিনুল ইসলাম | ক্যাশিয়ার |
| ২৮. | জনাব মোঃ আব্দুস সামাদ | বিদ্যুৎ মিস্ত্রী |
| ২৯. | বেগম আইনুর নাহার | টেলিফোন অপারেটর |
| ৩০. | জনাব মো: মজিবুর রহমান | গাড়িচালক |
| ৩১. | জনাব মো : নজরুল ইসলাম | গাড়িচালক |
| ৩২. | জনাব মো: দেলোয়ার হোসেন | গাড়িচালক |
| ৩৩. | জনাব মো: ইব্রাহীম মোল্লা | গাড়িচালক |
| ৩৪. | জনাব মো: নান্নুর আহম্মেদ | গাড়িচালক |
| ৩৫. | জনাব মো: আতর আলী | গাড়িচালক |
| ৩৬. | জনাব মো: এনায়েত | গাড়িচালক |
| ৩৭. | জনাব মো: শাহরিয়া ইসলাম | ডেসপাচ রাইডার |
| ৩৮. | জনাব মো: নূর হোসেন | ফটোকপি অপারেটর |
| ৩৯. | জনাব মো: শাহাদাৎ হোসেন | ক্যাশসরকার |

## (২০তম গ্রেড থেকে ১৭ তম গ্রেড)

| ৪র্থ শ্রেণি | | |
|---|---|---|
| ১. | জনাব মো: আবুল কালাম | অফিস সহায়ক |
| ২. | জনাব মো: রজব আলী | অফিস সহায়ক |
| ৩. | জনাব মো: আবদুল হালিম | অফিস সহায়ক |
| ৪. | জনাব মো: সফি উল্যাহ | অফিস সহায়ক |
| ৫. | জনাব আবদুল মালেক | অফিস সহায়ক |
| ৬. | কাজী ইউনুছ | অফিস সহায়ক |
| ৭. | জনাব মো: রবিউল ইসলাম | অফিস সহায়ক |
| ৮. | জনাব মো: শাহাদাত হোসেন | অফিস সহায়ক |
| ৯. | জনাব মো: মামুন মিয়া | অফিস সহায়ক |
| ১০. | রুবিনা আক্তার ডালিয়া | অফিস সহায়ক |
| ১১. | মো: মাসুদ রানা | অফিস সহায়ক |
| ১২. | জনাব মো: সাইফুল ইসলাম | অফিস সহায়ক |
| ১৩. | মোছা: রীতা খানম | অফিস সহায়ক |
| ১৪. | মোছা: লাবনী ইয়াসমিন | অফিস সহায়ক |
| ১৫. | জনাব মো: ফাইজ উদ্দিন | নিরাপত্তা প্রহরী |
| ১৬. | জনাব মো: আবদুল মতিন | নিরাপত্তা প্রহরী |
| ১৭. | জনাব মো: আবুল কালাম আজাদ (১) | নিরাপত্তা প্রহরী |
| ১৮. | জনাব মো: আবদুস সাত্তার | নিরাপত্তা প্রহরী |
| ১৯. | জনাব মো: হাশেম আলী | নিরাপত্তা প্রহরী |
| ২০. | জনাব মো: আবুল কালাম আজাদ (২) | নিরাপত্তা প্রহরী |
| ২১. | জনাব মো: কামারুল ইসলাম | নিরাপত্তা প্রহরী |
| ২২. | জনাব মো : সায়েদুজ্জামান | নিরাপত্তা প্রহরী |
| ২৩. | জনাব মো: আলাউদ্দিন | হোস্টেল বেয়ারার |
| ২৪. | জনাব মো: আবুল হোসেন | মালী |
| ২৫. | জনাব মো: হানিফ মিয়া | পরিচ্ছন্নতা কর্মী |

## আউট সোর্সিং

| ক্রমিক | নাম | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মো: লাবিব বুলবুল | পাম্প অপারেটর |
| ২. | জনাব সুপ্রকাশ রায় | ক্যাটালগার |
| ৩. | জনাব মো: আব্দুর রহিম | বাবুর্চি |
| ৪. | জনাব মো: সারেক হোসেন | প্লাম্বার |
| ৫. | জনাব মো: রাজেকুজ্জামান মন্ডল | লিফট অপারেটর |
| ৬. | জনাব মো: জুলহাস | ক্লাশরুম এটেনডেন্ট |
| ৭. | জনাব মো: সাজেদুর রহমান | ক্লাশরুম এটেনডেন্ট |
| ৮. | জনাব মো: সোহেল হোসেন | ক্যান্টিন বয় |
| ৯. | জনাব মো: জাবিরুল ইসলাম | ক্লাশরুম এটেনডেন্ট |
| ১০. | জনাব মো: গোলাম মোস্তফা | ক্লাশরুম এটেনডেন্ট |
| ১১. | জনাব মো: রফিজউদ্দিন | বাবুর্চি সহকারি কাম ডাইনিং বয় |

## নৈমিত্তিক কর্মচারি

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | হাফেজ মো: নূরেআলম | নৈমিত্তিক কর্মচারি (ইমাম) |
| ২. | জনাব মো: রুহুল আমিন | নৈমিত্তিক কর্মচারি (গাড়িচালক) |
| ৩. | জনাব মো: নজরুল ইসলাম-২ | নৈমিত্তিক কর্মচারি (গাড়িচালক) |
| ৪. | জনাব মো: সুমন আহমেদ | নৈমিত্তিক কর্মচারি (গাড়িচালক) |
| ৫. | জনাব মো: সাঈদ হাসান | নৈমিত্তিক কর্মচারি (ল্যাব এ্যাটেনডেন্ট) |
| ৬. | জনাব মো: ফায়েকুজ্জামান | নৈমিত্তিক কর্মচারি (অফিস সহায়ক) |
| ৭. | জনাব মো: আলমাছ হোসেন | নৈমিত্তিক কর্মচারি (অফিস সহায়ক) |
| ৮. | জনাব মো: মাহমুদুল হাসান | নৈমিত্তিক কর্মচারি (অফিস সহায়ক) |
| ৯. | জনাব মো: ইউসুফ হোসেন | নৈমিত্তিক কর্মচারি (অফিস সহায়ক) |
| ১০. | মোসা. সখিনা খাতুন | নৈমিত্তিক কর্মচারি (বাবুর্চি সহকারি) |
| ১১. | জনাব মো: কবির হোসেন | নৈমিত্তিক কর্মচারি (অফিস সহায়ক) |
| ১২. | জনাব মো: ফয়সাল খান | নৈমিত্তিক কর্মচারি (অফিস সহায়ক) |
| ১৩. | বেগম আফরোজা তানিয়া | নৈমিত্তিক কর্মচারি (ডে-কেয়ার) |
| ১৪. | জনাব মো: ওহিদুল ইসলাম | নৈমিত্তিক কর্মচারি (নিরাপত্তা প্রহরি) |
| ১৫. | মিজ মিনা রানী দাস | নৈমিত্তিক কর্মচারি (পরিচ্ছন্নতা কর্মি) |
| ১৬. | সাজন | নৈমিত্তিক কর্মচারি (পরিচ্ছন্নতা কর্মি) |
| ১৭. | মিজ. সীমা রানী অধিকারী | নৈমিত্তিক কর্মচারি (পরিচ্ছন্নতা কর্মি) |
| ১৮. | জনাব মকিম উদ্দিন প্রামানিক | নৈমিত্তিক কর্মচারি (পরিচ্ছন্নতা কর্মি) |

# চতুর্থ অধ্যায়
# ইনস্টিটিউটের সুযোগ সুবিধা

**শ্রেণিকক্ষ :**

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে শীতাতপ নিয়ন্ত্রিত ০৫ (পাঁচটি) শ্রেণিকক্ষ আছে। প্রশিক্ষণার্থীদের কাছে ক্লাসের বিষয়বস্তু সহজবোধ্য করে তোলার জন্য এসব শ্রেণিকক্ষে অত্যাধুনিক প্রশিক্ষণ সহায়ক যন্ত্রপাতি (যেমন: স্ক্রীনসহ মাল্টিমিডিয়া প্রজেক্টর, ও. এইচ. পি, মাইক্রোফোন, ক্লিপ বোর্ড, হোয়াইট বোর্ড ইত্যাদি) দিয়ে সাজানো। ক্লাসরুমের আকারভেদে বিশ-চল্লিশ (২০-৪০) জন প্রশিক্ষণার্থী একসঙ্গে ক্লাস করতে পারেন।

**সভাকক্ষ :**

প্রশাসনিক ভবনের তিনতলায় আধুনিক শীতাতপ নিয়ন্ত্রিত একটি সভাকক্ষ আছে। সভাকক্ষে একটি বৃহৎ ডিম্বাকৃতির কনফারেন্স টেবিল, ৬০টি চেয়ার, কম্পিউটারসহ মাল্টিমিডিয়া প্রজেক্টর রয়েছে। সভাকক্ষে ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভা ও বিভিন্ন কমিটির সভা অনুষ্ঠিত হয়ে থাকে।

**ডরমিটরি :**

ইনস্টিটিউটের ৪ তলাবিশিষ্ট একটি ডরমিটরি রয়েছে। ডরমিটরির চতুর্থ তলায় বিদেশি অতিথিদের জন্য সেমিডাবল খাটবিশিষ্ট ৯টি শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষ, দ্বিতীয় ও তৃতীয় তলায় সরকারি কর্মকতা এবং বহিরাগতের জন্য ০২ (দুই) শয্যা বিশিষ্ট ১৮টি কক্ষ আছে। একজন ডরমিটরি সুপারিনটেনডেন্টের নেতৃত্বে ০১ জন রুম বয়, ০২ জন ডরমিটরি এটেনডেন্ট কাজ করেন।

**অন্যান্য কক্ষ :**

৪টি ডিজিটাল ব্যবহারিক টেবিলসহ ১৬ জনের ব্যবহারিক ক্লাসের সুবিধা সংবলিত একটি ডিজিটাল ল্যাব; ০৩টি বৃহৎ টেবিলসহ ১৮ জনের ব্যবহারিক ক্লাসের সুবিধা সংবলিত রেডিও ল্যাব; ০৩টি বৃহৎ টেবিলসহ ১৮ জনের ব্যবহারিক ক্লাসের সুবিধা সংবলিত টিভি ল্যাব; ফিল্ম এডিটিং কক্ষ রয়েছে। এছাড়াও ০১টি টিভি স্টুডিও এবং ০১টি বেতার স্টুডিও রয়েছে।

**ক্যাফেটেরিয়া :**

ডরমিটরির নিচতলায় একটি অত্যাধুনিক ক্যাফেটেরিয়া আছে। এখানে একসাথে ৮০ জনের আহারের ব্যবস্থা আছে। একজন ক্যাফেটেরিয়া সুপারিনটেনডেন্টের নেতৃত্বে বাবুর্চি, সহকারি বাবুর্চিসহ মোট ০৫ (পাঁচ) জন কর্মচারি ক্যাফেটেরিয়াতে কাজ করেন। রাজস্ব খাত থেকে এদের বেতন ভাতা পরিশোধ করা হয়। এ ছাড়া বিসিএস (তথ্য) ক্যাডার কর্মকর্তাদের জন্য আয়োজিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স চলাকালীন ক্যাফেটেরিয়াতে বাবুর্চি, সহকারি বাবুর্চি, পরিবেশকসহ মোট ০৫ জন কর্মচারি দৈনিক ভিত্তিতে কাজ করেন।

**খেলাধুলা :**

প্রতিবছর বিসিএস (তথ্য) ক্যাডার এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ও বাংলাদেশ টেলিভিশনের কর্মকর্তাদের ফাউন্ডেশন ট্রেনিং-এর জন্য ইনডোর গেমসের ব্যবস্থা রয়েছে। প্রশিক্ষণার্থীদের নিয়মিত শরীরচর্চার জন্য ডরমিটরির দোতলায় বিভিন্ন ধরনের শরীরচর্চার সরঞ্জাম রয়েছে। এছাড়া একটি টেবিল টেনিস সেট, ব্যাডমিন্টন কোর্ট, ০৩টি দাবা, ০২টি ক্যারাম বোর্ড সেট ও একটি ভলিবল সেট প্রভৃতি আছে।

**শেখ রাসেল অডিটরিয়াম :**

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বর্তমান ভবনের সম্প্রসারণ এবং অডিটরিয়াম নির্মাণ (২য় পর্যায়) কর্মসূচির মাধ্যমে ৬৫৩.৬৪ লক্ষ টাকা ব্যয়ে ১৯২ আসনবিশিষ্ট অত্যাধুনিক স্থাপত্যশৈলীর নিদর্শন শেখ রাসেল অডিটরিয়াম নির্মাণ করা হয়েছে। এতে হল সংলগ্ন গ্রীনরুম (পুরুষ ও মহিলা), শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, ক্যাফেটেরিয়া, সভাকক্ষ, ভিআইপি লাউঞ্জ, অফিসকক্ষ, রিসিপশন কাউন্টার, স্টেজ লাইট ও সাউন্ড সিস্টেম এবং বেসমেন্টে ২০টি কার পার্কিং- এর স্থান ও ইন্টারকম সিস্টেম রয়েছে।

**যানবাহন :**

ইনস্টিটিউটে ০৯টি গাড়ির মধ্যে ০৪টি কার, ০২টি মাইক্রোবাস ও ০৩টি পিকআপ রয়েছে। ডেসপাস রাইডারের জন্য ১টি মটর সাইকেল এবং প্রকল্পের জন্য ০১টি মাইক্রোবাস রয়েছে। ২টি কার মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক-এর সার্বক্ষণিক ব্যবহারের জন্য নির্ধারিত। মাইক্রোবাস ও পিকআপ বিভিন্ন দাপ্তরিক কাজ, শিক্ষা সফর এবং জরুরি প্রয়োজনে অতিথি বক্তাদের যাতায়াতের জন্য ব্যবহৃত হয়। ইনস্টিটিউটে ৯ জন গাড়িচালকের মধ্যে ৭জন নিয়মিত গাড়ি চালক আছেন। গাড়িগুলো পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এর তত্ত্বাবধানে সহকারি পরিচালকের মাধ্যমে নিয়ন্ত্রিত হয়ে থাকে।

**আবাসন :**

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের নিজস্ব কর্মকর্তা/কর্মচারিদের জন্য ৮,৯৫২ বর্গফুট স্থানে নির্মিত আবাসিক দ্বিতল ভবনে ৭৯৬ বর্গফুটের ০২টি এবং ৬৫০ বর্গফুটের ০২টি মোট ০৪টি ইমার্জেন্সি স্টাফ কোয়ার্টার রয়েছে।

**পঞ্চম অধ্যায়**

# লাইব্রেরি, কম্পিউটার ল্যাব এবং আইসিটি

**গ্রন্থাগার :**

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের গ্রন্থাগারটি ইনস্টিটিউটের মূল কার্যক্রম প্রশিক্ষণ, গবেষণা ও প্রশাসনিক কার্যক্রমের সহায়ক শাখা হিসেবে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ প্রতিষ্ঠানটি যেহেতু গণযোগাযোগ ও গণমাধ্যমকর্মীদের প্রশিক্ষণ দিয়ে থাকে, তাই গ্রন্থাগারটিতে মূলত গণমাধ্যম, ব্রডকাস্টিং, সাংবাদিকতা, গণযোগাযোগ ও মিডিয়া সম্পর্কিত দেশি-বিদেশি বইয়ের সংগ্রহ বেশি। আরও রয়েছে সাহিত্য বিষয়ক বই, রেফারেন্স বই, মুক্তিযুদ্ধভিত্তিক বই, সরকারি প্রকাশনা, আইনবিধি বিধান সম্পর্কিত বই। এছাড়া লাইব্রেরিতে গণমাধ্যম বিষয়ক জার্নাল, বিভিন্ন ধরনের প্রশিক্ষণের প্রতিবেদন, গবেষণা প্রতিবেদন ও প্রশিক্ষণে নির্মিত অনুষ্ঠানসমূহের সিডি ডিভিডিসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করা হয়। গ্রন্থাগারের সম্পূর্ণ কার্যক্রম বর্তমানে অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

**গ্রন্থাগারের উদ্দেশ্য :**

- ✓ ইনস্টিটিউটের প্রশিক্ষণ সহায়ক বই-পুস্তক, সাময়িকী, জার্নাল, প্রতিবেদন ও অন্যান্য প্রকাশনা সংগ্রহ ও সংরক্ষণ।
- ✓ ইনস্টিটিউটের সকল স্টাফ, প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক, গবেষক ও অনুষদের সদস্যদের গ্রন্থাগার সুবিধা ও সেবা প্রদান।
- ✓ অনুষদের সদস্যদের জন্য পত্রিকা সংগ্রহ ও বিতরণ।
- ✓ গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান।

**কার্যাবলী :**

- ✓ বই-পুস্তক, সাময়িকী, জার্নাল প্রভৃতি ক্রয় এবং প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ।
- ✓ সংগৃহীত বইপত্র সংযোজন রেজিস্টারে অন্তর্ভুক্তকরণ।
- ✓ প্রতিটি বই কোহা সফট্ওয়্যারে অন্তর্ভুক্তকরণ ও ই-ক্যাটালগিং সম্পন্নকরণ।
- ✓ শ্রেণিকরণ ও শেলভিং করা।
- ✓ নিজস্ব জার্নাল, প্রতিবেদন বিতরণ ও বিক্রয় করা।
- ✓ বিভিন্ন প্রতিবেদন, গবেষণা প্রতিবেদন, প্রশিক্ষণপঞ্জি ইনস্টিটিউটের নিয়ম অনুযায়ী ইনস্টিটিউটের সদস্য, প্রশিক্ষণার্থী, আমন্ত্রিত অতিথিবক্তাদের মাঝে চাহিদা অনুযায়ী বিতরণ।
- ✓ গ্রন্থাগারের সদস্যপদ প্রদান ও গ্রন্থাগার সামগ্রী ইস্যু করা।
- ✓ বই-পুস্তক ক্রয়ের নিমিত্তে অনুষদবর্গ, অতিথিবক্তা ও প্রশিক্ষণার্থীদের কাছ থেকে নতুন বইয়ের তালিকা সংগ্রহ করা।
- ✓ বিভিন্ন প্রশিক্ষণার্থীদের নির্মিত চূড়ান্ত অনুষ্ঠানের অডিও ও ভিডিও সংরক্ষণ করা।
- ✓ বুনিয়াদি প্রশিক্ষণের সময় সান্ধ্যকালীন অতিরিক্ত সেবা প্রদান করা।
- ✓ রেফারেন্স সেবা প্রদান করা।

**গ্রন্থাগারের জনবলসমূহ :**

- ✓ গ্রন্থাগারিক
- ✓ সহকারী গ্রন্থাগারিক
- ✓ ক্যাটালগার
- ✓ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
- ✓ অফিস সহায়ক

**গ্রন্থাগারের আসবাবপত্র :**

| | | |
|---|---|---|
| ✓ | কম্পিউটার | ৪টি (ইন্টারনেট সংযোগসহ) |
| ✓ | কম্পিউটার টেবিল | ২টি |
| ✓ | প্রিন্টার | ১টি |
| ✓ | বইয়ের সেলফ | স্টিল -৭ টি, কাঠ-১৭ টি (মোট-২৪ টি) |
| ✓ | জার্নাল র‌্যাক | ২টি |
| ✓ | ক্যাটালগ বক্স | ১টি |
| ✓ | অফিসার্স-স্টাফ টেবিল | ২টি |
| ✓ | পাঠক টেবিল | ৩টি |
| ✓ | পত্রিকা পড়ার টেবিল | ১টি |
| ✓ | কাউন্টার টেবিল | ১টি |
| ✓ | চেয়ার | ২৬টি |
| ✓ | বিভিন্ন প্রশিক্ষণ, রিপোর্ট ও ম্যাগাজিন ডিসপ্লে র‌্যাক | ৩টি |
| ✓ | বিভিন্ন ফাইল সংরক্ষণের জন্য আলমিরা ও কেবিনেট | ৩টি |
| ✓ | পুরাতন পত্রিকার জন্য স্টিলের র‌্যাক | ১টি |
| ✓ | সিলিং ফ্যান | ১০টি |
| ✓ | দেয়াল ঘড়ি | ২টি |

**বই ক্রয় পদ্ধতি :**

- ✓ বই ক্রয়ের জন্য অর্থবছরের শুরুতেই বাজেট পাওয়া সাপেক্ষে APP তে সম্পূর্ণ বছরের বইক্রয়ের পরিকল্পনা তৈরি করা হয় এবং পরিকল্পনা অনুয়ায়ী বই ক্রয় করা হয় ।
- ✓ গ্রন্থাগার শাখা কর্তৃক বিভিন্ন প্রকাশনা প্রতিষ্ঠানের ক্যাটালগ সংগ্রহ করা হয়। উক্ত ক্যাটালগ থেকে একাডেমির অনুষদ সদস্যগণ বিভিন্ন প্রশিক্ষণ, প্রশাসন ও গবেষণা কার্যক্রমের সহায়ক প্রয়োজনীয় পুস্তক নির্বাচন করেন ।
- ✓ মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং প্রশিক্ষকদের চাহিদার ভিত্তিতে বই ক্রয় করা হয়;
- ✓ নির্ধারিত পুস্তক পিপিআর অনুসরণ করে কমিটির মাধ্যমে ক্রয় করা হয় ।

**সংগ্রহের উৎস :** ক্রয়, অনুদান ও উপহার গ্রহণ ।

- বর্তমানে গ্রন্থাগারটিতে ৬,৮৬৯ (ছয় হাজার আটশত উনসত্তর) কপি বই আছে। ২০১৮-১৯ অর্থবছরে মোট ২৬৭কপি বই সংগ্রহ করা হয় যার মধ্যে ২৬২কপি বই ক্রয়ের মাধ্যমে এবং বাকি ০৫কপি বই সৌজন্য সংখ্যা হিসেবে সংগ্রহ করা হয়। এছাড়াও সম্প্রতি বিভিন্ন কোর্স ও কর্মশালার প্রশিক্ষণার্থীদের নির্মিত নাটক, ডকুমেন্টারি এবং প্রামাণ্য অনুষ্ঠান সম্বলিত সিডি, ডিভিডি, রিপোর্ট এবং জার্নাল গ্রন্থাগারে সংরক্ষণ করা হচ্ছে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ওয়েবসাইটে গিয়ে লাইব্রেরি অপশনে ক্লিক করলে "National Institute of Mass Communication Library" পাতা পাওয়া যাবে। এখানে Search Option এ গিয়ে Search করলে এ ইনস্টিটিউটের সকল বইয়ের ক্যাটালগিং তথ্যাদি পাওয়া যাবে।

**দৈনিক পত্রিকা :**

সাপ্তাহিক ছুটির দিনসহ অন্যান্য ছুটির দিন ব্যতীত নিম্নোক্ত ০৯টি পত্রিকা প্রতিদিন সরবরাহ করা হয়।

১. যায়যায় দিন
২. ইত্তেফাক
৩. যুগান্তর
৪. কালের কণ্ঠ
৫. বাংলাদেশ প্রতিদিন
৬. আমাদের সময়
৭. ভোরের কাগজ
৮. সমকাল
৯. Independent

**গ্রন্থাগারে নিয়মিত সংগ্রহসমূহ :**

**জার্নাল ও গবেষণা পত্রিকাসমূহ :**

- ✓ নজরুল একাডেমি পত্রিকা
- ✓ প্রবীণ হিতৈষী পত্রিকা
- ✓ শিশু অধিকার ও গণমাধ্যম
- ✓ মা ও শিশু
- ✓ প্রশাসন সমীক্ষা
- ✓ Human Rights for Backward Section of Citizens
- ✓ NDC Journal
- ✓ Ethical Reporting on and for Children
- ✓ Proshikhyan: journal of BSTD
| জনাব নাফিস আহমেদ<br>সহকারি পরিচালক (বেতার প্রকৌ. প্রশি.) | | | |
| মিজ. হেনা বিউটি<br>সহকারি পরিচালক (অর্থ) | Workshop on Addressing Gender Bias in Media by AIBD | ২৭-২৯ মার্চ ২০১৯ | মালয়েশিয়া |

- **জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান:**

  সরকার কর্তৃক শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ খ্রি: এর আলোকে গ্রেড ০১ থেকে গ্রেড ১০ ভুক্ত ৪র্থ গ্রেডের কর্মকর্তা হিসেবে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জনাব মো: মুনজুরুল আলম এবং গ্রেড-১১ থেকে গ্রেড-২০ ভুক্ত ১১তম গ্রেডের কর্মচারি হিসেবে হিসাব রক্ষক জনাব মো: নোমানকে শুদ্ধাচার পুরস্কার ২০১৯ এর জন্য মনোনয়ন প্রদান করা হয় ।

- **বাংলাদেশ টেলিভিশনের প্রথম শ্রেণির এন্ট্রিপদের কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষা :**

  বাংলাদেশ টেলিভিশনের প্রথম শ্রেণির এন্ট্রিপদের কর্মকর্তাদের চাকরি স্থায়ীকরণের লক্ষ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক গত ২৭ এপ্রিল ২০১৯ তারিখে পরীক্ষা গ্রহণ করা হয় । উক্ত পরীক্ষায় ০৬ টি বিভাগে ১ম পত্রে ১৪ জন ও ২য় পত্রে ১৩ জন পরীক্ষার্থী আবেদন করেন । আবেদনকারিদের মধ্যে ১ম পত্রে ২১ জন ও ২য় পত্রে ১৮ জন উত্তীর্ণ হন । এদের মধ্যে ১ম ও ২য় উভয়পত্রেই ১৩ জন করে উত্তীর্ণ হন । পাশের হার যথাক্রমে ১ম পত্রে ৬৪.২৯% ও ২য় পত্রে ৮৪.৬২% ।

# নবম অধ্যায়

## প্রশিক্ষণ পদ্ধতি ও কোর্স মূল্যায়ন

**প্রশিক্ষণ পদ্ধতি :**

প্রশিক্ষণ কার্যকর করার লক্ষ্যে নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করা হয়ঃ-

(ক) লেকচার মেথড;
(খ) কেইস স্টাডি মেথড;
(গ) সিমুলেশন;
(ঘ) দলীয় আলোচনা;
(ঙ) ব্যক্তিগত উপস্থাপনা;
(চ) অনুশীলন;
(ছ) ব্রেইন স্টর্মিং;
(জ) প্রশ্নোত্তর পদ্ধতি;
(ঝ) গ্রুপ/সিন্ডিকেট আলোচনা;
(ঞ) মাঠ জরিপ;
(ট) ভিআইপিপি পদ্ধতি
(ঠ) এক্সটেনশন লেকচার
(ড) ভিডিও প্রর্দশন
(ঢ) মাল্টিমিডিয়ার ব্যবহার
(ত) অনুষ্ঠান নির্মাণ ও প্রযোজনা
(থ) মূল্যায়ন প্রভৃতি

**কোর্স কর্তৃপক্ষ প্রশিক্ষণার্থী ও সার্বিক প্রশিক্ষণ কার্যক্রম মূল্যায়ন :**

**প্রাক-প্রশিক্ষণ মূল্যায়ন :**

ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সে যোগদান করার পর অংশগ্রহণকারী সংশ্লিষ্ট বিষয়ের জ্ঞান ও ধারণা যাচাই করার জন্য প্রাক-প্রশিক্ষণ মূল্যায়ন পরীক্ষা গৃহীত হবে। এর নিয়মাবলী হলোঃ

(i) কোর্সে যোগদান করার অনূর্ধ্ব এক সপ্তাহের মধ্যেই সকল বিষয়ের পরীক্ষা গৃহীত হতে হবে।
(ii) পরীক্ষা গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে কোর্স পরিচালক কর্তৃক পরীক্ষার ফলাফল প্রশিক্ষণার্থীগণকে অবহিত করতে হবে।
(iii) প্রাক-প্রশিক্ষণ মূল্যায়নের ফলাফল কোনোভাবেই প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত মূল্যায়নকে প্রভাবিত করবে না।

**চূড়ান্ত মূল্যায়ন :**

প্রশিক্ষণ চলাকালে প্রতিটি মডিউলের নির্ধারিত বিষয়সমূহের ওপর আলোচনা সমাপনান্তে উক্ত মডিউলের ওপর চূড়ান্ত পরীক্ষা গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট মডিউল-ইন-চার্জ আলোচ্য বিষয়বস্তুর ওপর ভিত্তি করে প্রশ্নপত্র তৈরি করে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন। মডিউল তত্ত্বাবধায়কের উল্লিখিত বিষয়ে কম ধারণা থাকলে সংশ্লিষ্ট কোর্স বিশেষজ্ঞ অতিথিবক্তার সহায়তা নিতে পারেন। মডিউলসমূহের চূড়ান্ত পরীক্ষার মূল্যায়নে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করতে হবেঃ

(i) প্রতিটি বিষয়ে সর্বনিম্ন কৃতকার্যতার নম্বর (পাস মার্ক) ৫০% । পঞ্চাশের কম নম্বর পেলে সংশ্লিষ্ট বিষয়ে অকৃতকার্য বলে গণ্য হবে। কোনো বিষয়ে ২৫% নম্বরের কম নম্বর পেলে তা সামগ্রিক মূল্যায়নে যোগ হবে না। অকৃতকার্য বিষয়ে পুনঃপরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে, তবে ২৫% নম্বরের কম নম্বর পাওয়ার ক্ষেত্রে পুনঃপরীক্ষা দেওয়ার সুযোগ দেয়া হবে না। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীকে পুনরায় প্রশিক্ষণে আসতে হবে।

(ii) একটি বিষয়ে অকৃতকার্য হলে কোর্সের সফল সমাপ্তির জন্য সামগ্রিকভাবে গড়ে ৬০ শতাংশ নম্বর পেতে হবে।

(iii) একাধিক বিষয়ে অকৃতকার্য হলে সামগ্রিক মূল্যায়ন অকৃতকার্য হিসেবে ঘোষিত হবে এবং পুনরায় প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

(iv) কোর্স অন্তবর্তীকালীন কেউ একাধিক বিষয়ে অকৃতকার্য বলে বিবেচিত হলে তাঁকে কোর্স থেকে অব্যাহতি প্রদান করতে হবে।

(v) পরীক্ষা গ্রহণের অনূর্ধ্ব ৭ (সাত) দিনের মধ্যে ফলাফল ঘোষণা করতে হবে।

**প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ও অন্যান্য বিষয়ের মূল্যায়ন :**

প্রতিটি কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ অধিবেশনে উপস্থিতি নিশ্চিত করার জন্য একটি হাজিরা ফরম ব্যবহার করতে হবে। ক্লাশ এটেনডেন্ট উক্ত হাজিরা ফরম প্রত্যেক অধিবেশনে প্রশিক্ষণার্থীদের কাছে সরবরাহ করবেন এবং প্রত্যেক প্রশিক্ষণার্থী প্রতিটি অধিবেশনের জন্য নির্ধারিত কলামে অনুস্বাক্ষর প্রদানের মাধ্যমে নিজ নিজ উপস্থিতি নিশ্চিত করবেন। প্রশিক্ষণ অধিবেশনে উপস্থিতির জন্য নিম্নোক্ত পদ্ধতিতে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে মূল্যায়ন করতে হবে:

| উপস্থিতির হার (শতকরা) | প্রাপ্ত নম্বরের হার (শতকরা) |
|---|---|
| ১০০ | ১০০ |
| ৯৯ | ৯০ |
| ৯৮ | ৯০ |
| ৯৭ | ৮৫ |
| ৯৬ | ৮০ |
| ৯৫ | ৭৫ |
| ৯৪ | ৭০ |
| ৯৩ | ৬৫ |
| ৯২ | ৬০ |
| ৯১ | ৫৫ |
| ৯০ | ৫০ |

শ্রেণিকক্ষে ১০% শ্রেণি অধিবেশনে অনুপস্থিত থাকলে উক্ত প্রশিক্ষণার্থীকে কোর্স সমাপনী সনদপত্র দেয়া হবে না। প্রত্যহ প্রশিক্ষণ অধিবেশন শেষে ক্লাশ এটেনডেন্ট উক্ত দিনের হাজিরা ফরম সংশ্লিষ্ট কোর্স সমন্বয়কের নিকট জমা দিবেন, কোর্স সমন্বয়ক প্রাপ্ত ফরম পর্যালোচনা করবেন এবং কোনো অনুপস্থিত পরিলক্ষিত হলে প্রয়োজনীয় শৃঙ্খলামূলক ব্যবস্থা নেবেন, প্রশিক্ষণ অধিবেশনে উপস্থিতির হার শতকরা ৯০ এর নিচে হলে বিবেচ্য বিষয়ে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থী কোনো নম্বর পাবেন না।

প্রত্যেক আবাসিক কোর্সেই প্রশিক্ষণ কর্মসূচির অংশ হিসাবে প্রশিক্ষণার্থীদের জন্য বাধ্যতামূলকভাবে সকালে শরীরচর্চা এবং বিকালে খেলাধূলার ব্যবস্থা করতে হবে। শরীরচর্চা ও খেলাধূলায় অংশগ্রহণও পারদর্শিতার জন্য নির্দিষ্ট নম্বরের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রশিক্ষক প্রত্যেক প্রশিক্ষণার্থীকে মূল্যায়ন করবেন যা সার্বিক মূল্যায়নে অন্তর্ভুক্ত হবে।

এছাড়া প্রশিক্ষণ চলাকালীন প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য পূর্ব নির্ধারিত বিষয়ে বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ, পুস্তক পর্যালোচনা, ইংরেজি ও বাংলায় বক্তৃতা প্রদান, নির্ধারিত বিষয়ে প্রবন্ধ রচনা, প্রতিবেদন তৈরি ও উপস্থাপনের কর্মসূচি প্রণয়ন করতে হবে এবং উক্ত বিষয়সমূহে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে নির্দিষ্ট নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করতে হবে, যা সার্বিক মূল্যায়নের অন্তর্ভুক্ত হবে।

এ ছাড়া প্রশিক্ষণার্থীদের পোশাক-পরিচ্ছদ, ডরমিটরি শৃংখলা, একাডেমির কর্মকর্তা/কর্মচারিদের সাথে আচরণ, প্রশিক্ষণ অন্তর্ভুক্ত কার্যক্রমে অংশগ্রহণে অনাগ্রহ এবং সর্বোপরি প্রশিক্ষণ শৃংখলা বিধানে তৎপরতা প্রভৃতি বিষয়ের প্রতি কোর্স কর্তৃপক্ষসহ সকল অনুষদ সদস্য তীক্ষ্ণ দৃষ্টি রাখবেন। উল্লিখিত বিষয়ে প্রত্যেক প্রশিক্ষণার্থীর সার্বিক আচরণ বিবেচনা করে একটি নির্দিষ্ট নম্বরের (যা ৫০ ইউনিট হিসাবে ধরা হবে) ভিত্তিতে মূল্যায়ন করতে হবে, যা সার্বিক মূল্যায়নের অন্তর্ভুক্ত হবে।

**কোর্স সমাপনী মূল্যায়ন :**

**প্রতিটি কোর্স শেষে কর্তৃপক্ষকে নিম্নলিখিতভাবে কোর্স সমাপনী মূল্যায়ন করা হয় :** নির্ধারিত ছকে প্রতিটি কোর্স শেষ হওয়ার অনূর্ধ্ব দুই সপ্তাহের মধ্যে কোর্স সমাপনী প্রতিবেদন গ্রাহক সংস্থার নিকট প্রেরণ করতে হয়। কোর্স সমন্বয়ক এই প্রতিবেদন প্রস্তুত করে কোর্স পরিচালক ও মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে তা প্রেরণ করবেন।

**প্রশিক্ষণার্থীদের নিকট নম্বর তালিকা প্রেরণ :** কোর্স সমাপ্তির দুই মাসের মধ্যে কোর্সে মূল্যায়নযোগ্য সকল বিষয়ের চূড়ান্ত ফলাফল তৈরি করে কোর্স সমন্বয়ককে সম্মিলিত মেধা তালিকার ব্রডশীট প্রণয়ন করতে হবে। এ সময় ক্লাশ শৃঙ্খলা, ডরমিটরি শৃঙ্খলা এসব বিষয়ে সংশ্লিষ্ট কর্মচারীদের মন্তব্য গ্রহণ করতে হবে ও কোর্স পরিচালক কর্তৃক অনুমোদন গ্রহণ করতে হবে। অতঃপর সকল প্রশিক্ষণার্থীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট সম্মিলিত মেধাতালিকার অনুলিপিসহ প্রত্যেক প্রশিক্ষণার্থীকে তাঁর নম্বরতালিকা এবং সম্মিলিত মেধাতালিকা প্রেরণ করতে হবে। সকল প্রশিক্ষণার্থীর কোর্সে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিম্নোক্তভাবে গ্রেড প্রদান করতে হবে:-

| শতকরা | | নম্বর | গ্রেডিং |
|---|---|---|---|
| (ক) | ৯০ এর উর্ধ্বে | ১м০ | ক+ (অসাধারণ) |
| (খ) | ৮০-৮৯ | ৯ | ক+ (খুব ভালো) |
| (গ) | ৭০-৭৯ | ৮ | ক (ভালো) |
| (ঘ) | ৬০-৬৯ | ৭ | খ+ (উচ্চ চলতিমান) |
| (ঙ) | ৫০-৫৯ | ৬ | খ (চলতিমান) |

**সম্পদব্যক্তি / অতিথি বক্তার মূল্যায়নের জন্য প্রশ্নমালা :**

| ক্রমিক নং | ১.(চলতি মানের নিম্নে) (১%-৪০%) | ২.(চলতি মান) (৪১%-৬০%) | ৩.(উত্তম) (৬১%-৮০%) | ৪.(অতি উত্তম) (৮১%-১০০%) |
|---|---|---|---|---|
| ১ । বিষয়ের ওপর দক্ষতা | | | | |
| ২ । বক্তার উপস্থাপনার ধরন | | | | |
| ৩ । বিষয় বস্তুর ওপর পর্যাপ্ত ধারণা | | | | |
| ৪ । প্রশিক্ষণার্থীর প্রশ্নের উত্তর দেয়ার দক্ষতা | | | | |
| ৫ । প্রশিক্ষণার্থীদের সাথে অভিজ্ঞতা বিনিময় | | | | |
| ৬ । শ্রেণিকক্ষের ওপর নিয়ন্ত্রণ দক্ষতা | | | | |
| ৭ । সময় ব্যবস্থাপনার ওপর দক্ষতা | | | | |

## কোর্স মূল্যায়নের জন্য প্রশ্নমালা :

(প্রত্যেকটি প্রশ্নের ব্যাপারে নিজস্ব বিবেচনা অনুযায়ী টিক ☑ দিন বা মতামত রাখুন। এই মূল্যায়নের উদ্দেশ্য হচ্ছে ভবিষ্যতে প্রশিক্ষণকে অধিকতর প্রাসংগিক ও বাস্তবধর্মী করা)

০১। পাঠ্যধারায় অন্তর্ভুক্ত বিষয়াবলী যথার্থ হয়েছে কি ?

☐ যথার্থ ☐ আংশিক

☐ চলমান

০২। পাঠ্যধারায় তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয় সঠিক মাত্রায় পরিবেশন করা হয়েছে কি ?

☐ হ্যাঁ ☐ আংশিক ☐ চলমান

০৩। বিষয়ভিত্তিক অধিবেশনের হার্ড কপি/সফট কপি/ক্লাশ নোটের মান কেমন ছিলো?

☐ খুব ভালো ☐ মোটামুটি

☐ ভালো ☐ সন্তোষজনক নয়

০৪। পাঠ্যধারাটির কোন কোন বিষয় আপনাকে আকৃষ্ট করেছে ?

১।
২।
৩।
৪।
৫।

০৫। ব্যবহারিক অধিবেশনগুলো সম্পর্কে মন্তব্য করুন ।

☐ খুব ভালো ☐ মোটামুটি

☐ ভালো ☐ সন্তোষজনক নয়

০৬। সম্পদ ব্যক্তি/ প্রশিক্ষকের প্রশিক্ষণ প্রদানের মান কেমন ছিলো ?

☐ ভালো ☐ মোটামুটি

☐ উত্তম ☐ সন্তোষজনক নয়

০৭। প্রশিক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত (ক্লাশ রুটিন অনুযায়ী) বিষয় ছাড়া আরও অতিরিক্ত কী কী বিষয় অন্তর্ভুক্ত করা দরকার বলে মনে করেন?

১।
২।
৩।
৪।
৫।

০৮। প্রশিক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত (ক্লাশ রুটিন অনুযায়ী) যে সমস্ত বিষয় (যদি থাকে) বাতিল করা দরকার বলে মনে করেন সেগুলো উল্লেখ করুন।

১।
২।
৩।
৪।

০৯। কোর্স প্রশাসন ব্যবস্থা কেমন ছিলো?

☐ খুব ভালো ☐ মোটামুটি

☐ ভালো

১০। পাঠ্যধারা পরিচালক তাঁর দায়িত্ব পালনে কতটুকু সফল হয়েছেন বলে আপনি মনে করেন?

☐ খুব ভালো ☐ মোটামুটি

☐ ভালো ☐ সন্তোষজনক নয়

১১। পাঠ্যধারা সমন্বয়ক তাঁর দায়িত্ব পালনে কতটুকু দক্ষ ও আন্তরিক ছিলেন বলে আপনি মনে করেন?

☐ খুব ভালো ☐ মোটামুটি

☐ ভালো ☐ সন্তোষজনক নয়

১২। আপনার পেশাগত ধারণা ও অভিজ্ঞতা বৃদ্ধিতে এ পাঠ্যধারার ভূমিকা কতটুকু সহায়ক বলে আপনি মনে করেন?

☐ যথেষ্ট সহায়ক ☐ মোটামুটি ☐ সহায়ক নয়

১৩। প্রশিক্ষণ উপকরণ সরবরাহ কেমন ছিলো ?

☐ যথেষ্ট ☐ মোটামুটি ☐ পর্যাপ্ত নয়

১৪। পাঠ্যধারাটির ব্যাপ্তিকাল সম্পর্কে আপনার মতামতে টিক চিহ্ন দিন।

☐ যথাযথ ☐ ৮ সপ্তাহ হওয়া উচিত

☐ ৪ সপ্তাহ হওয়া উচিত ☐ ১২ সপ্তাহ হওয়া উচিত

☐ ৬ সপ্তাহ হওয়া উচিত ☐ অন্যান্য

১৫। শ্রেণিকক্ষ, ডরমিটরি ও খাদ্য ব্যবস্থাপনা সম্পর্কে মন্তব্য করুন।

☐ খুব ভালো ☐ মোটামুটি

☐ ভালো ☐ সন্তোষজনক নয়

১৬। বহিরাঙ্গন কর্মসূচি সম্পর্কে মতামত দিন (প্রযোজ্য ক্ষেত্রে)।

☐ যথার্থ ☐ আংশিক ফলপ্রসূ

☐ ফলপ্রসূ ☐ মোটেই যুক্তিযুক্ত নয়

১৭। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কার্যক্রম সম্পর্কে আপনার সার্বিক মূল্যায়ন কী?

☐ খুব ভালো ☐ মোটামুটি

☐ ভালো ☐ মন্তব্য নেই

১৮। ভবিষ্যতে একই পাঠ্যধারা অনুষ্ঠানে আপনার সামগ্রিক পরামর্শ/সুপারিশ লিখুন।

১।
২।
৩।
৪।

প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ

# দশম অধ্যায়
# গবেষণা ও প্রকাশনা

**গবেষণা :** জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট গণমাধ্যম সম্পর্কিত বিভিন্ন বিষয়ের ওপর ১৯৮২ সাল থেকে গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। এ পর্যন্ত সম্পাদিত গবেষণার সংখ্যা হল ৪৩টি।


### ২০০৯-২০১০ অর্থবছর থেকে থেকে ২০১৮-১৯ অর্থবছর পর্যন্ত গবেষণাসমূহ


| ক্র:নং | গবেষণার শিরোনাম | প্রকাশিত বছর |
|---|---|---|
| ১. | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রশিক্ষণ ফলপ্রসূতা যাচাই ও চাহিদা নিরুপণ সমীক্ষা (সময়কাল ২০০২-২০০৮)। | ২০০৯ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ২. | বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির প্রভা প্রশমনে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক সমীক্ষা (২০০৯-২০১০)। | ২০১০ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ৩. | "সরকারি ও বেসরকারি টেলিভিশন চ্যানেলে প্রচারিত সংবাদ শ্রোতা-দর্শক প্রতিক্রিয়া ও প্রভাব" সংক্রান্ত সমীক্ষা (২০১০-২০১১)। | ২০১১ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ৪. | মা ও শিশু বিষয়ে বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন থেকে প্রচারিত অনুষ্ঠানমালার মান মূল্যায়ন যাচাই সমীক্ষা (২০১১-২০১২)। | ২০১২ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ৫. | "কৃষি বিষয়ক কার্যক্রম অনুষ্ঠান" বিষয়ে বাংলাদেশ বেতার , বাংলাদেশ টেলিভিশন ও বেসরকারি টিভি চ্যানেলসমূহ থেকে প্রচারিত অনুষ্ঠান মালার মান মূল্যায়ন যাচাই সমীক্ষা (২০১১-২০১২)। | ২০১২ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ৬. | প্রশিক্ষণের চাহিদা নিরূপণ সমীক্ষা-২০১৩। | ২০১৩ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ৭. | প্রশিক্ষণের ফলপ্রসূতা যাচাই -২০১৩। | ২০১৩ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ৮. | মাদকাশক্তি বিরোধী প্রচারণার প্রভাব মূল্যায়ন সমীক্ষা-২০১৪। | ২০১৪ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ৯ | বাংলাদেশ বেতার-শ্রোতা জরিপ সমীক্ষা -২০১৪। | ২০১৪ খ্রিস্টাব্দে জুন সম্পাদিত |
| ১০. | বাংলাদেশ টেলিভিশনে যৌতুক বিরোধী প্রচার: শ্রোতা-দর্শক প্রতিক্রিয়া ও প্রভাব সংক্রান্ত জরিপ সমীক্ষা। | ২০১৫ খ্রিস্টাব্দে জানুয়ারি মাসে সম্পাদিত |
| ১১. | বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত অনুষ্ঠানের মান মূল্যায়ন ও দর্শক-শ্রোতা মতামত জরিপ সমীক্ষা-২০১৫। | ২০১৫ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ১২. | প্রশিক্ষণের চাহিদা নিরূপণ সমীক্ষা ২০১৬ | ২০১৬ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ১৩. | প্রশিক্ষণের ফলপ্রসূতা যাচাই সমীক্ষা ২০১৬ | ২০১৬ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ১৪. | বাংলাদেশের অডিও ভিজ্যুয়াল প্রশিক্ষণ ও অধ্যয়ন অবকাঠামো পর্যালোচনা | ২০১৭ খ্রিস্টাব্দে মে মাসে সম্পাদিত |
| ১৫. | উপকূলীয় অঞ্চলে মা ও শিশুর স্বাস্থ্য সচেতনতায় ইলেকট্রনিক গণমাধ্যমের ভূমিকা | ২০১৭ খ্রিস্টাব্দে মে মাসে সম্পাদিত |
| ১৬ | Impact of Wide Publicity in mass- media in creating awareness and motivating the poor parents against child labor. | ২০১৮ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ১৭ | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রশিক্ষণ কার্যক্রমে প্রায়োগিক পাঠ্যধারার বর্তমান অবস্থা ও ভবিষ্যতের চাহিদা নিরুপন। | ২০১৮ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ১৮. | Role of Mass Media in Advancing Quality Primary Education in the Rural Areas. | ২০১৯ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ১৯. | Effect of Electronic Media like Radio, Television and Community Radio on Climate Change Knowledge, Attitude and Behavior of the People of Bangladesh | ২০১৯ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |
| ২০. | Community Radio in Family Health and Nutrition Awareness building among Rural Listeners | ২০১৯ খ্রিস্টাব্দে জুন মাসে সম্পাদিত |

<u>প্রকাশনাসমূহ</u>


➢ ৩ টি গবেষণা প্রতিবেদন




➢ ০২ (দুই) টি নিউজ লেটার








➢ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট জার্নাল (৩য় সংখ্যা)




➢ **প্রশিক্ষণ পুঞ্জি**




➢ **বার্ষিক প্রতিবেদন**



# একাদশ অধ্যায়

## হোস্টেল ব্যবস্থাপনা নীতিমালা

### জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ডরমিটরিতে অবস্থান, ব্যবহার ও অন্যান্য সুবিধাদি সংক্রান্ত নীতিমালা

১. <u>সীট বরাদ্দ</u> :

১.১ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ সময়ের জন্য সিট খালি থাকা সাপেক্ষে ডরমিটরিতে সিট বরাদ্দ পাবেন। আবাসিক প্রশিক্ষণ ছাড়া ঢাকা মেট্রোপলিটন এলাকায় বসবাসরত কোনো কর্মকর্তা/কর্মচারীকে সিট বরাদ্দ দেওয়া যাবে না।

১.২ আবাসিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ বিনা ভাড়ায় ডরমিটরিতে সিট বরাদ্দ পাবেন। এ ছাড়া অনাবাসিক কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ ভাড়া পরিশোধ এবং খালি সাপেক্ষে সিট বরাদ্দ পাবেন।

১.৩ ঢাকা মেট্রোপলিটন এলাকার বাইরে অবস্থিত তথ্য মন্ত্রণালয়ের অধীন দপ্তর, অধিদপ্তর ও সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারি বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষের লিখিত অনুমোদনক্রমে ০৫(পাঁচ) দিন পর্যন্ত ডরমিটরিতে অবস্থান করতে পারবেন। তবে বিশেষ প্রয়োজন দেখা দিলে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালকের পূর্বানুমতি গ্রহণ করে সর্বোচ্চ ১৫ (পনের) দিন অবস্থান করতে পারবেন। সেক্ষেত্রে ০৫(পাঁচ) দিনের পর নির্ধারিত ভাড়ার দ্বিগুণ হারে ভাড়া পরিশোধ করতে হবে।

১.৪ মহাপরিচালকের লিখিত পূর্বানুমতি ব্যতিত কোনো কর্মকর্তা/কর্মচারি ডরমিটরিতে অবস্থান করতে পারবেন না।

১.৫ সিট/কক্ষ বরাদ্দের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১.৬ ডরমিটরির প্রতি কক্ষে ০২ টি সিট রয়েছে। কক্ষের ১টি সিট একজন ব্যক্তিকে বরাদ্দ দেওয়ার পর অপর সিট অন্য একজন ব্যক্তিকে বরাদ্দ দিলে পূর্বে বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি কোনো আপত্তি করতে পারবেন না।

১.৭ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের নিজস্ব কর্মকর্তা/কর্মচারিগণ বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ভাড়া পরিশোধের মাধ্যমে সিট খালি থাকা সাপেক্ষে ডরমিটরিতে সাময়িকভাবে অনূর্ধ্ব ০৩ (তিন) দিন অবস্থান করতে পারবেন। বিশেষ প্রয়োজনে ০৫ (পাঁচ) দিনের বেশি অবস্থান করলে নির্ধারিত ভাড়ার দ্বিগুণ হারে ভাড়া পরিশোধ করতে হবে।

১.৮ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপ-পরিচালক (প্রশাসন)/হোস্টেল তত্ত্বাবধায়ক কক্ষ বরাদ্দ প্রদান করবেন।

১.৯ বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি কক্ষ বরাদ্দের পর কক্ষের ভেতরের বিভিন্ন দ্রব্যাদির তালিকা নির্ধারিত ছকে হোস্টেল বেয়ারার নিকট থেকে বুঝে নেবেন এবং কক্ষ ত্যাগের সময় তালিকায় বর্ণিত দ্রব্যাদি হোস্টেল বেয়ারারের নিকট বুঝিয়ে দেবেন। হোস্টেল তত্ত্বাবধায়ক বিষয়টি তদারকি করবেন।

২. **ভাড়া** :

২.১ সকল অনাবাসিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণকে সরকার নির্ধারিত হারে ভাড়া প্রদান করতে হবে।

২.২ তথ্য মন্ত্রণালয়ের ১ মার্চ ২০১২ তারিখের নং-তম/প্রঃ-৫/নিমকো-২১/ ০৪(অংশ-)/৮৮(৪) সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ঢাকার বাইরে থেকে আগত সকল সরকারি কর্মকর্তা/কর্মচারিকে নন-এসি প্রতিকক্ষ ৳২০০/- (প্রতিদিন) ও প্রতি সিট ৳ ১০০/- টাকা (প্রতিদিন) এবং বহিরাগতদের জন্য প্রতিকক্ষ ৳ ৪০০/- টাকা (প্রতিদিন) ও প্রতি সিট ৳ ২০০/- (প্রতিদিন) ভাড়া প্রদান করতে হবে। এ ভাড়ার হার পরবর্তীতে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃনির্ধারিত হলে তা কার্যকর করা হবে।

২.৩ তথ্য মন্ত্রণালয়ের ১ মার্চ ২০১২ তারিখের নং-তম/প্রঃ-৫/নিমকো-২১/০৪ (অংশ-)/৮৮(৪) সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ডরমিটরির শীতাতপ নিয়ন্ত্রণ (এসি) কক্ষ বিদেশীদের জন্য মার্কিন ডলার $২০ অথবা সমপরিমাণ টাকা (প্রতিদিন) এবং সরকারি কর্মকর্তা/কর্মচারীকে প্রতিকক্ষ ৳ ২৫০/- (প্রতিদিন) ও বহিরাগতদের জন্য প্রতিকক্ষ ৳ ৪০০/- টাকা (প্রতিদিন) ভাড়া প্রদান করতে হবে। এ ভাড়ার হার পরবর্তীতে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃনির্ধারিত হলে তা কার্যকর করা হবে।

২.৪ বরাদ্দপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তিকে কক্ষ ত্যাগ করার পূর্বে ভাড়া পরিশোধ করতে হবে।

২.৫ ভাড়া প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে অর্থ শাখার মাধ্যমে টাকা সরকারি কোষাগারে জমা দিতে হবে।

২.৬ নির্ধারিত সময়ে ভাড়া প্রদানে ব্যর্থ হলে তাৎক্ষণিকভাবে কক্ষ বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

৩. **অবস্থানকালে পালনীয়** :

৩.১ অবস্থানের জন্য অনুমোদনপ্রাপ্ত ব্যক্তিদেরকে নিজ দায়িত্বে কক্ষে প্রবেশের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে কক্ষ বরাদ্দের সাথে কক্ষের সামগ্রীসমূহ বুঝে নিতে হবে এবং একইভাবে ডরমিটরি ত্যাগকালীন কক্ষের সকল সামগ্রী হোস্টেল তত্ত্বাবধায়ক/হোস্টেল বেয়ারারের নিকট বুঝিয়ে দিতে হবে।

৩.২ ডরমিটরিতে অবস্থানকারী সদস্যগণ বিকাল ৫:০০ টার মধ্যে ডরমিটরি ত্যাগ করবেন। কোনো কারণে বিকাল ৫:০০ টার পর ডরমিটরি ত্যাগ করলে অতিরিক্ত ০১ (এক) দিনের ভাড়া পরিশোধ করতে হবে।

৩.৩ বরাদ্দপ্রাপ্ত কক্ষে অবস্থানকারী ব্যক্তি বহিরাগত কোনো আত্মীয় স্বজনকে কক্ষে আনতে পারবেন না।

৩.৪ ডরমিটরিতে অবস্থানকালে কোনো ধরনের রুম সার্ভিসের সুবিধা পাবেন না।

৩.৫ বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি কক্ষের চাবি নিজ দায়িত্বে রাখবেন। বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি তাঁর কক্ষের চাবি অন্য কারো নিকট হস্তান্তর করতে পারবেন না। কক্ষ ত্যাগ করার সময় হোস্টেল তত্ত্বাবধায়ক/ হোস্টেল বেয়ারারের নিকট কক্ষের চাবি বুঝিয়ে দেবেন। কক্ষের চাবি হারিয়ে গেলে ক্ষতিপূরণ হিসেবে ৳ ২০০/- (দুইশত) টাকা জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

৩.৬ কক্ষে বৈদ্যুতিক চুলা, ইস্ত্রি বা অনুরূপ সরঞ্জাম ব্যবহার করা যাবে না।

৩.৭ কক্ষের মেঝেতে বা দেয়ালে পেরেক পোতা, পানের পিক ফেলা এবং জানালা দিয়ে কোনো কাগজ/ময়লা ফেলে নোংরা করা যাবে না। নির্ধারিত স্থানে ময়লা ফেলতে হবে।

৩.৮ কক্ষ ত্যাগ করার পূর্বে লাইট, ফ্যান ও পানির কল যাতে বন্ধ থাকে সে দিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

৩.৯ ডরমিটরিতে অবস্থানকারী ব্যক্তিগণ গ্রীষ্মকালে (মার্চ-সেপ্টেম্বর) রাত ১১:০০ টার মধ্যে এবং শীতকালে (অক্টোবর-ফেব্রুয়ারি) রাত ১০:০০ টার মধ্যে ডরমিটরির ভেতরে প্রবেশ করবেন।

৩.১০ ডরমিটরি ধুমপানমুক্ত এলাকা হিসেবে বিবেচিত হবে। ইনস্টিটিউটের ক্যাম্পাসে কোনো প্রকার নীতি গর্হিত কার্যকলাপ, হইচই, অন্যের বিরক্তিকর শব্দে গান শোনা বা অশালীন ভাষায় উচ্চস্বরে কথা বলা, ভাংচুর, সন্ত্রাস, অস্ত্রবহন, সংরক্ষণ বা ব্যবহার ইত্যাদি কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। এরূপ ঘটনার ক্ষেত্রে প্রয়োজনে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ব্যক্তির বা ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। সকল প্রকার নেশা জাতীয় পানাহার নিষিদ্ধ বলে বিবেচিত হবে।

৩.১১ ডরমিটরি কক্ষে কোনো অবস্থাতেই ফ্যান চালিয়ে ভেজা কাপড় শুকানো যাবে না।

৩.১২ বর্তমান অবস্থায় ডরমিটরিতে অবস্থানকারী কোনো কর্মকর্তার গাড়িচালক/ পিয়ন/ দেহরক্ষী/ গৃহকর্মী থাকার কোনো ব্যবস্থা করা যাবে না

৩.১৩ ডরমিটরিতে অবস্থান সংক্রান্ত নীতিমালা লঙ্ঘনকারী কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে তাঁর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করা যাবে।

৩.১৪ ডরমিটরিতে অবস্থানরত কোনো পুরুষ অবস্থানকারীর কক্ষে মহিলা অবস্থানকারী এবং মহিলা অবস্থানকারীর কক্ষে পুরুষ অবস্থানকারী দর্শনার্থী/অতিথি যেতে পারবেন না।

৪. <u>সাক্ষাৎ</u> :

৪.১ প্রশিক্ষণ চলাকালে কোনো বহিরাগত অতিথি/আত্মীয় স্বজনদেরকে ডরমিটরিতে সাক্ষাৎ দেওয়া যাবে না। ডরমিটরিতে অবস্থানকারী প্রশিক্ষণার্থী/কর্মকর্তা/কর্মচারীগণ বিশেষ প্রয়োজনে বহিরাগত আত্মীয় স্বজনদের সাথে ডরমিটরির ড্রইং রুমে বিকাল ৫:০০ টা হতে রাত্রি ৮:০০ টা পর্যন্ত সাক্ষাৎ করতে পারবেন।

৫. <u>আহার বা খাবার ব্যবস্থা</u> :

৫.১ ডরমিটরিতে অবস্থানকারী প্রশিক্ষণার্থী/কর্মকর্তা/কর্মচারীগণকে নিজ দায়িত্বে খাবার ব্যবস্থা করতে হবে। হোস্টেল তত্ত্বাবধায়কের সঙ্গে পরামর্শক্রমে নিজ খরচে ডরমিটরির ডাইনিং-এ খাবারের ব্যবস্থা করতে পারবেন।

৬. <u>অভিযোগ</u> :

৬.১ ডরমিটরিতে বিদ্যুৎ/গ্যাস/পানি অথবা কক্ষে কোনো সমস্যা দেখা দিলে অবস্থানকারী ব্যক্তিগণ হোস্টেল তত্ত্বাবধায়ক/ হোস্টেল বেয়ারারকে অবহিত করবেন।

৭. <u>তত্ত্বাবধান</u> :

৭.১ ডরমিটরির সার্বিক তত্ত্বাবধানের জন্য হোস্টেল তত্ত্বাবধায়ক দায়ী থাকবেন। ইলেকট্রিশিয়ান, হোস্টেল বেয়ারার, কুক, পাম্প অপারেটর ও পরিচ্ছন্ন কর্মীসহ সংশ্লিষ্ট সকল কর্মচারী তাঁকে সহযোগিতা করবেন।

ডরমিটরি সংলগ্ন এলাকায় বাসস্থানের সুবিধা গড়ে না ওঠা পর্যন্ত কেবল হোস্টেল বেয়ারার বিনা ভাড়ায় তাঁর জন্য নির্ধারিত কক্ষে অবস্থান করতে পারবেন।

৭.২ হোস্টেল বেয়ারার বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিদের ডরমিটরিতে অবস্থানকালে তাঁদের সার্বিক বৈধ সেবাযত্নে সহযোগিতা করবেন।

৭.৩ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বৈধ অবস্থানকারীগণ ব্যতিত কোনো কর্মচারি টিভি রুম/কমনরুম ব্যবহার করতে পারবেন না এবং কমনরুমে অবস্থিত সোফাসেটে উপবেশন করতে পারবেন না।

৮. **নীতিমালার বাস্তবায়ন :**

৮.১ এ নীতিমালা লঙ্ঘন করলে লঙ্ঘনকারীর কক্ষ বরাদ্দ বাতিল, অর্থ জরিমানা এবং তাঁর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করা যাবে।

৮.২ এ নীতিমালার কোন শব্দ বা শব্দাবলীর কোনো ব্যাখ্যা প্রয়োজন হলে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃপক্ষ ব্যাখ্যা প্রদান করতে পারবেন এবং সে ক্ষেত্রে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃপক্ষের ব্যাখ্যা চূড়ান্ত বলে গণ্য হবে।

৮.৩ ডরমিটরিতে অবস্থান, ব্যবহার, ভাড়া প্রদান সংক্রান্ত ইতোমধ্যে জারীকৃত সকল নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

এ নীতিমালা আদেশের তারিখ থেকে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কার্যকর থাকবে।

## দ্বাদশ অধ্যায়

# ইনস্টিটিউটের উন্নয়ন প্রকল্প

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উত্তরে এবং স্টাফ কোয়ার্টারের পূর্ব সীমানা প্রাচীর সংলগ্ন ১১,৩১০ বর্গফুট (দৈর্ঘ্য ১৭৪ ফিট ও প্রস্থ ৬৫ ফিট)/২৫.৯৪ শতাংশ জমি বাংলাদেশ বেতার থেকে এ ইনস্টিটিউটের অনুকূলে পাওয়া গেছে। উক্ত জমিতে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের জন্য নানাবিধ সুবিধা সংবলিত (সাইবার ক্যাফে, লাইব্রেরি, কনভেনশন হল, মিটিং রুম, কমন রুম (মহিলা ও পুরুষ), ভিআইপি রুম-১০টি, মহিলা প্রশিক্ষণার্থী কক্ষ-২০টি, পুরুষ প্রশিক্ষণার্থী কক্ষ-৬০টি, ডে-কেয়ার সেন্টার, মেডিকেল সেন্টার, ক্যাফেটেরিয়া, রিসেপশন কাম ওয়েটিং লাউঞ্জ, সাবস্টেশন ইত্যাদি) একটি ১৪ তলা ডরমিটরি ভবন নির্মাণ এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উত্তর-পশ্চিম দিকে বহুতল ভবন উপযোগী ১৮ শতাংশ জমিতে (৮,৯৫২ বর্গফুট) নির্মিত আবাসিক দ্বিতল ভবনে ৭৯৬ বর্গফুট-০২টি এবং ৬৫০ বর্গফুট-০২টি মোট ০৪ টি ইমার্জেন্সি স্টাফ কোয়ার্টার রয়েছে। সরকারের অব্যবহৃত ভূমির যথাযথ ব্যবহার করে উক্ত ভবনটি ভেঙ্গে বর্ণিত স্থানে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারিদের জন্য-১,০০০ বর্গফুট ০৯টি ও ১,২০০ বর্গফুট ০৯টি এবং কর্মচারিদের জন্য ৬৫০ বর্গফুট ০৯টি ও ৮৫০ বর্গফুট ০৯টি সর্বমোট ৩৬টি ফ্লাটবিশিষ্ট একটি আলাদা ১০ তলা আবাসিক ভবন নির্মাণ করার লক্ষ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের জন্য নানাবিধ সুবিধা সংবলিত একটি ১৪ তলা ডরমিটরি ভবন এবং কর্মকর্তা-কর্মচারিদের জন্য একটি আলাদা ১০ তলা আবাসিক ভবন নির্মাণের জন্য প্রকল্প দলিল (ডিপিপি) প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৮ ৭৮৯০.৯৭ লক্ষ টাকা এবং মেয়াদ জুলাই ২০১৮ থেকে জুন ২০২১।

# ত্রয়োদশ অধ্যায়

## বাজেট ও হিসাব

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এর যাবতীয় আয়-ব্যয় ও লেনদেন এবং হিসাব সংরক্ষণের দায়িত্ব বাজেট ও হিসাব শাখা পালন করে থাকে। উপপরিচালক (অর্থ) আয়ন-ব্যয়ন অফিসার হিসেবে দায়িত্বে নিয়োজিত থেকে এ কার্যাদি তদারকি করেন।

- **জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের আয় (কর ব্যতীত নন-ট্যাক্স রেভিনিউ) আদায় :**

অংকসমূহ হাজার টাকায়

| অহমন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/পরিদপ্তর কোড | প্রতিষ্ঠান কোড | অর্থনৈতিক কোড/ কোড বহির্ভুত | আয়ের উৎসের বিবরণ/বিষয়/আইটেম | বর্তমান অর্থ বছরের আয়ের লক্ষ্যমাত্রা | বর্তমান অর্থ বছরের চলতি মাস **পর্যন্ত** মোট রাজস্ব আদায়ের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ৩ | ৩৩৩৬-০০০০ | ২০৩৭ | সরকারি যানবাহনের ব্যবহার | ০,৭৫ | ০,৩৬ |
| | | ২৩৬৬ | টেন্ডার ও অন্যান্য দলিলপত্র | ০,২৫ | ০,১২ |
| | | ২৬৭১ | অতিরিক্ত প্রদত্ত অর্থ আদায় | ০ | ০ |
| | | ২৬৮১ | বিবিধ রাজস্ব প্রাপ্তি | ২৪,০০ | ১৮,৫৭ |
| | | | | **২৫,০০** | **১৯,০৫** |

- **২০১৮-২০১৯ অর্থ বৎসরের রাজস্ব খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিবরণী :**

অর্থনৈতিক কোড নম্বর ঃ ৩-৩৩৩৬-০০০০

অংকসমূহ হাজার টাকায়

| অর্থনৈতিক কোড অনুযায়ী খাতের বিবরণ | ২০১৮-২০১৯ অর্থবছরে রাজস্ব খাতে বাজেট বরাদ্দের পরিমাণ | সংশোধিত বাজেট বরাদ্দ ২০১৮-২০১৯ | প্রকৃত ব্যয়ের বিস্তারিত বিবরণ জুন/২০১৯ পর্যন্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **৩১ কর্মচারিদের প্রতিদান**<br>**৩১১১ নগদ মজুরী ও বেতন** | | | |
| ৩১১১১০১ মূল বেতন (অফিসার) | ১,৮০,০০ | ১,৬৫,০০ | ১,৫৬,১৭ |
| ৩১১১২০১ মূল বেতন (কর্মচারি) | ১,৪৫,০০ | ১,৪৫,০০ | ১,৪২,১৯ |
| ৩১১১৩০২ যাতায়াত ভাতা | ২,৫০ | ২,৫০ | ২,২৫ |
| ৩১১১৩০৬ শিক্ষা ভাতা | ৬,০০ | ৫,০০ | ৫,৮৫ |
| ৩১১১৩১০ বাড়ি ভাড়া ভাতা | ১,৩০,০০ | ১,৩০,০০ | ১,২৭,২৮ |
| ৩১১১৩১১ চিকিৎসা ভাতা | ১৮,৫০ | ১৮,৫০ | ১৭,৯৩ |
| ৩১১১৩১৪ টিফিন ভাতা | ২,০০ | ২,০০ | ১,৫৭ |
| ৩১১১৩২৫ উৎসব ভাতা | ৫২,০০ | ৫২,০০ | ৪৭,৪১ |

| অর্থনৈতিক কোড<br>অনুযায়ী খাতের বিবরণ | ২০১৮-২০১৯ অর্থবছরে<br>রাজস্ব খাতে বাজেট<br>বরাদ্দের পরিমাণ | সংশোধিত বাজেট<br>বরাদ্দ<br>২০১৮-২০১৯ | প্রকৃত ব্যয়ের<br>বিস্তারিত বিবরণ<br>জুন/২০১৯ পর্যন্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩১১১৩২৭ অধিকাল ভাতা | ১৭,০০ | ১৭,০০ | ১৩,৬২ |
| ৩১১১৩২৮ শ্রান্তি ও বিনোদন ভাতা | ৯,০০ | ৯,০০ | ৫,৯৬ |
| ৩১১১৩৩২ সম্মানী ভাতা | ৫৫,০০ | ৫৫,০০ | ৫৪,৯৯ |
| ৩১১১৩৩৫ বাংলা নববর্ষ ভাতা | ৬,৫০ | ৬,০০ | ৪,৫৯ |
| ৩১১১৩৩৮ অন্যান্য ভাতা | ১৯,০০ | ২২,০০ | ২১,৯৬ |
| **উপ-মোট** | **৬,৪২,৫০** | **৬,২৯,০০** | **৬,০১,৭৭** |
| **৩২ পন্য ও সেবা ব্যবহার**<br>**৩২১১ প্রশাসনিক ব্যয়** | | | |
| ৩২১১১০৬ আপ্যায়ন ব্যয় | ২৪,০০ | ২৪,০০ | ২৩,৯৭ |
| ৩২১১১০৯ শ্রমিক মজুরী<br>(সাকুল্যে বেতন) | ৫৫,০০ | ৫৫,০০ | ৫৩,৯০ |
| ৩২১১১১০ আইন সংক্রান্ত ব্যয় | ০,৫০ | ০,৫০ | ০,২২ |
| ৩২১১১১৩ বিদ্যুত | ২২,০০ | ২২,০০ | ১৭,৩১ |
| ৩২১১১১৫ পানি | ৫,০০ | ৪,০০ | ২,২৮ |
| ৩২১১১১৭ ইন্টারনেট/ফ্যাক্স/ টেলেক্স | ৬,০০ | ৫,০০ | ৪,৮০ |
| ৩২১১১১৯ ডাক | ০,০৩ | ০,০৩ | ০,০৩ |
| ৩১১১১২০ টেলিফোন | ৫,০০ | ৪,০০ | ২,৫৮ |
| ৩২১১১২৫ প্রচার ও বিজ্ঞাপন | ৮,০০ | ৮,০০ | ৮,০০ |
| ৩২১১১২৭ বইপত্র ও সাময়িকী | ২,০০ | ২,০০ | ১,৯৯ |
| **উপ-মোট** | ১,২৭,৫৩ | ১,২৪,৫৩ | ১,১৫,০৮ |
| ৩২৩১ প্রশিক্ষণ ব্যয় | | | |
| ৩১৩১৩০১ প্রশিক্ষণ ব্যয় | ২,০০ | ২,০০ | ০,৭১ |
| **উপ-মোট** | ২,০০ | ২,০০ | ০,৭১ |
| **৩২৪৩ পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট** | | | |
| ৩২৪৩১০১ পেট্রোল,অয়েল ও লুব্রিকেন্ট | ৩৪,০০ | ৩৪,০০ | ৩৩,২৮ |
| ৩২৪৩১০২ গ্যাস ও জ্বালানী | ২,০০ | ২,০০ | ১,১৬ |
| **উপ-মোট** | ৩৬,০০ | ৩৬,০০ | ৩৪,৪৪ |
| **৩২৪৪ ভ্রমণ ও বদলী ব্যয়** | | | |
| ৩২৪৪১০১ ভ্রমণ ব্যয় | ২০,০০ | ৯৪,০০ | ৭৪,৭৩ |
| ৩২৪৪১০২ বদলী ব্যয় | ৮০,০০ | ৬,০০ | ৫,৯৫ |
| **উপ-মোট** | ১,০০,০০ | ১,০০,০০ | ৮০,৬৮ |
| **৩২৫৫ মুদ্রণ ও মনিহারি** | | | |
| ৩২৫৫১০২ মূদ্রণ ও বাঁধাই | ৪,০০ | ৪,০০ | ৩,৫০ |
| ৩২৫৫১০৪ ষ্ট্যাম্প ও সিল | ০,৫০ | ০,৫০ | ০,০৭ |
| ৩২৫৫১০৫ অন্যান্য মনিহারি | ২,০০ | ২,০০ | ১,৭৮ |
| **উপ-মোট** | ৬,৫০ | ৬,৫০ | ৫,৩৫ |
| ৩২৫৬ সাধারণ সরবরাহ ও কাঁচামাল | | | |
| ৩২৫৬১০৩ ব্যবহার্য দ্রব্যাদি | ৩০,৯৭ | ৩০,৯৭ | ৩০,৫৯ |

| অর্থনৈতিক কোড<br>অনুযায়ী খাতের বিবরণ | ২০১৮-২০১৯ অর্থবছরে রাজস্ব খাতে বাজেট বরাদ্দের পরিমাণ | সংশোধিত বাজেট বরাদ্দ ২০১৮-২০১৯ | প্রকৃত ব্যয়ের বিস্তারিত বিবরণ জুন/২০১৯ পর্যন্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩২৫৬১০৫ কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ | ৮,০০ | ৩,০০ | ২,৮৫ |
| ৩২৫৬১০৬ পোষাক | ২,০০ | ২,৫০ | ২,০০ |
| **উপ-মোট** | ৪০,৯৭ | ৩৬,৪৭ | ৩৫,৪৪ |
| ৩২৫৭ পেশাগত সেবা, সম্মানী, বিশেষ ব্যয় | | | |
| ৩২৫৭১০৩ গবেষণা | ১০,০০ | ১০,০০ | ৯,০০ |
| **উপ-মোট** | ১০,০০ | ১০,০০ | ৯,০০ |
| ৩২৫৮ মেরামত ও **সংরক্ষণ** | | | |
| ৩২৫৮১০১ মোটরযান মেরামত | ১২,০০ | ১০,০০ | ৭,৭৪ |
| ৩২৫৮১০২ আসবাবপত্র মেরামত | ১,০০ | ১,০০ | ১,০০ |
| ৩২৫৮১০৩ কম্পিউটার মেরামত | ২,০০ | ২,০০ | ১,২২ |
| ৩২৫৮১০৫ অন্যান্য যন্ত্রপাতি মেরামত | ২,০০ | ২,০০ | ১,১৮ |
| **উপ-মোট** | ১৭,০০ | ১৫,০০ | ১১,১৪ |
| ৩৮ অন্যন্য ব্যয়<br>**৩৮২১ আবর্তক স্থানন্তর যা অন্যত্র শ্রেণীবদ্ধ নয়** | | | |
| ৩৮২১১০২ ভুমি উন্নয়ন কর | ১,০০ | ১,০০ | ০,৭১ |
| ৩৮২১১০৩ পৌর কর | ৫,৫০ | ৫,৫০ | ৫,০২ |
| **উপ-মোট** | ৬,৫০ | ৬,৫০ | ৫,৭৩ |
| ৪১ অ-আর্থিক সম্পদ<br>৪১১২ যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | | | |
| ৪১১২১০১ মোটরযান ক্রয় | ৪৮,০০ | ৪৮,০০ | ৪৪,৯৯ |
| ৪১১২২০২ কম্পিউটার ও আনুষংগিক | ১৫,০০ | ১৫,০০ | ১৪,৫৮ |
| ৪১১২৩০৩ বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় | ৯,০০ | ৯,০০ | ৪,৩৮ |
| ৪১১২৩১৪ আসবাবপত্র ক্রয় | ৩,০০ | ৩,০০ | ৩,০০ |
| ৪১১২৩১৬ অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামদি ক্রয় | ০ | ৬,০০ | ০,২৪ |
| **উপ-মোট** | ৭৫,০০ | ৮১,০০ | ৬৭,১৯ |
| ৪১১৩ অন্যান্য স্থায়ী সম্পদ | | | |
| ৪১১৩৩০১ কম্পিউটার সফটওয়্যার | ২,০০ | ৪,০০ | ৩,৫২ |
| **উপ-মোট** | ২,০০ | ৪,০০ | ৩,৫২ |
| **সর্ব মোট জাতীয় গণমাধ্যম ইনসিটিটিউট** | ১০,৬৬,০০ | ১০,৫১,০০ | ৯,৭০,০৫ |

# চতুর্দশ অধ্যায়
## ২০১৯-২০ অর্থবছরের প্রশিক্ষণপঞ্জি

**পরিশিষ্ট-১**

| Sl. | Name of Courses | Duration | | Course Director | Course Coordinator |
|---|---|---|---|---|---|
| 1. | Foundation Training Course for Grade-10 Officers | 08 Weeks | 21 July to 19 September 2019 | Md. Abuzar Gaffari | Ms. Sumona Parvin<br>Md. Abdul Mannan |
| 2. | Television Drama Production Course for University Students | 03 Weeks | 21 July to 8 August 2019 | Ms. Sheuli Das | Md. Fahim Siddique |
| 3. | Sound System Operating Techniques | 02 Weeks | 21 July to 1 August 2019 | Mohammad Abu Sadique | Nafis Ahmed |
| 4. | Radio and Television News Reporting | 04 Weeks | 25 August to 19 September 2019 | Sufi Zakir Hossain | Md. Sohel Parvez |
| 5. | Digital Audio Recording and Editing | 04 Weeks | 25 August to 19 September 2019 | Mohammad Abu Sadique | Nafis Ahmed |
| 6. | Television Drama Production Course for University Students | 03 Weeks | 22 September to 10 October 2019 | Ms. Sheuli Das | Ms. Ismat Jahan Chowdhury |
| 7. | Professional Induction Course for BCS Information (Engineering) | 12 Weeks | 22 September to 12 December 2019 | Ms. Sahida Sultana | Dewan Ashraful Islam<br>Ashif Mohammad |
| 8. | Advanced Course on Media Management | 04 Weeks | 13 October to 07 November 2019 | Ms. Rawnak Jahan | Md. Sohel Parvez |
| 9. | Radio Program Production Course | 05 Weeks | 13 October to 14 November 2019 | Md. Abuzar Gaffari | Md. Abu Hasan |
| 10. | Television Drama Production Course for University Students | 03 Weeks | 27 October to 14 November 2019 | Md. Zahidul Islam | Irin Sultana |
| 11. | Digital Television Camera Operation & Lighting | 06 Weeks | 17 November to 26 December 2019 | Ms. Rawnak Jahan | Md. Masud Manwar Bhuiyan<br>Abdul Hannan |
| 12. | Training of Trainers | 02 Weeks | 24 November to 5 December 2019 | Sufi Zakir Hossain | Irin Sultana |
| 13. | Techniques of News Presentation | 04 Weeks | 24 November to 19 December 2019 | Ms. Sumona Parvin | Md. Abdul Mannan |
| 14. | Communicative English Course for Media Professionals | 04 Weeks | 08 December 2019 to 2 January 2020 | Md. Abdul Jalil | Md. Fahim Siddique |
| 15. | Television Drama Production Course for University Students | 03 Weeks | 22 December 2019 to 9 January 2020 | Md. Zahidul Islam | Ms. Ismat Jahan Chowdhury |
| 16. | Broadcast Networking and Cyber Security | 04 Weeks | 29 December 2019 to 23 January 2020 | Md. Abdus Salam | Ashif Mohammad |
| 17. | Professional Induction Course for BCS Information (General) | 12 Weeks | 5 January 2020 to 25 March 2020 | Ms. Rawnak Jahan | Md. Sohel Parvez<br>Abdul Hannan |
| 18. | Modern Broadcast Technology | 04 Weeks | 5 January to 30 January 2020 | Mohammad Abu Sadique | Nafis Ahmed |
| 19. | Introduction to digital Cinema Produciton | 10 Weeks | 12 January to 19 March 2020 | Md. Nazrul Islam | Md. Sohel Parvez<br>Nafis Ahmed |
| 20. | Radio & Television Program Presentation | 04 Weeks | 02 February to 27 February 2020 | Ms. Sheuli Das | Md. Abdul Mannan |
| 21. | Non-linear Video Editing | 04 Weeks | 26 January to 20 February 2020 | Md. Munzurul Alam | Md. Masud Manwar Bhuiyan |
| 22. | Digital Office Management | 04 Weeks | 23 February to 19 March 2010 | Ms. Sahida Sultana | Md. Fahim Siddique |
| 23. | Basic Training on Broadcast Technology | 04 Weeks | 29 March to 23 April 2020 | Mohammad Abu Sadique | Nafis Ahmed |
| 24. | Television Program Production Course | 05 Weeks | 29 March to 30 April 2020 | Md. Zahidul Islam | Irin Sultana |
| 25. | Online Digital Audio Recording and Editing | 02 Weeks | 03 May to 14 May 2020 | Md. Abdus Salam | Dewan Ashraful Islam<br>Ashif Mohammad |
| 26. | Capacity Building for Community Radio | 01 Week | TBD | Ms. Sheuli Das | Nafis Ahmed |
| 27. | PGD BJ- Batch 5 (Semester 1,2) | 52 Weeks | July 2019 to June 2020 | 1) Ms. Sahida Sultana Batch 5 (1st Semister)<br>2) Sheuli Das Batch 5 (2nd Semister) | Md. Abdul Mannan<br>Md. Sohel Parvez |

## NIMC Training Program: 2019-2020
## Programme Branch


| Sl no | Name of Courses | Duration | | Course Director | Course Coordinator |
|---|---|---|---|---|---|
| 1. | Foundation Training Course for Grade-10 Officers | 08 Weeks | 21 July to 19 September 2019 | Md. Abuzar Gaffari | Ms. Sumona Parvin<br>Md. Abdul Mannan |
| 2. | Television Drama Production Course for University Students | 03 Weeks | 21 July to 8 August 2019 | Ms. Sheuli Das | Md. Fahim Siddique |
| 3. | Radio and Television News Reporting | 04 Weeks | 25 August to 19 September 2019 | Sufi Zakir Hossain | Md. Sohel Parvez |
| 4. | Television Drama Production Course for University Students | 03 Weeks | 22 September to 10 October 2019 | Ms. Sheuli Das | Ms. Ismat Jahan Chowdhury |
| 5. | Advanced Course on Media Management | 04 Weeks | 13 October to 07 November 2019 | Ms. Rawnak Jahan | Md. Sohel Parvez |
| 6. | Radio Program Production Course | 05 Weeks | 13 October to 14 November 2019 | Md. Abuzar Gaffari | Md. Abu Hasan |
| 7. | Television Drama Production Course for University Students | 03 Weeks | 27 October to 14 November 2019 | Md. Zahidul Islam | Irin Sultana |
| 8. | Training of Trainers | 02 Weeks | 24 November to 5 December 2019 | Sufi Zakir Hossain | Irin Sultana |
| 9. | Techniques of News Presentation | 04 Weeks | 24 November to 19 December 2019 | Ms. Sumona Parvin | Md. Abdul Mannan |
| 10. | Communicative English Course for Media Professionals | 04 Weeks | 08 December 2019 to 2 January 2020 | Md. Abdul Jalil | Md. Fahim Siddique |
| 11. | Television Drama Production Course for University Students | 03 Weeks | 22 December 2019 to 9 January 2020 | Md. Zahidul Islam | Ms. Ismat Jahan Chowdhury |
| 12. | Professional Induction Course for BCS Information (General) | 12 Weeks | 5 January 2020 to 25 March 2020 | Ms. Rawnak Jahan | Md. Sohel Parvez<br>Abdul Hannan |
| 13. | Radio & Television Program Presentation | 04 Weeks | 02 February to 27 February 2020 | Ms. Sheuli Das | Md. Abdul Mannan |
| 14. | Television Program Production Course | 05 Weeks | 29 March to 30 April 2020 | Md. Zahidul Islam | Irin Sultana |
| 15. | PGD BJ- Batch 5 (Semester 1,2) | 52 Weeks | July 2019 to June 2020 | 1) Ms. Sahida Sultana Batch 5 (1st Semister)<br>2) Sheuli Das Batch 5 (2nd Semister) | Md. Abdul Mannan<br>Md. Sohel Parvez |

## NIMC Training Engineering: 2019-2020
## Engineering Branch

| Sl no | Name of Courses | Duration | | Course Director | Course Coordinator |
|---|---|---|---|---|---|
| 1. | Sound System Operating Techniques | 02 Weeks | 21 July to 1 August 2019 | Mohammad Abu Sadique | Nafis Ahmed |
| 2. | Digital Audio Recording and Editing | 04 Weeks | 25 August to 19 September 2019 | Mohammad Abu Sadique | Nafis Ahmed |
| 3. | Professional Induction Course for BCS Information (Engineering) | 12 Weeks | 22 September to 12 December 2019 | Ms. Sahida Sultana | Dewan Ashraful Islam<br>Ashif ohammad |
| 4. | Digital Television Camera Operation & Lighting | 06 Weeks | 17 November to 26 December 2019 | Ms. Rawnak Jahan | Md. Masud Manwar Bhuiyan<br>Abdul Hannan |
| 5. | Broadcast Networking and Cyber Security | 04 Weeks | 29 December 2019 to 23 January 2020 | Md. Abdus Salam | Ashif ohammad |
| 6. | Modern Broadcast Technology | 04 Weeks | 5 January to 30 January 2020 | Mohammad Abu Sadique | Nafis Ahmed |
| 7. | Introduction to digital Cinema Produciton | 10 Weeks | 12 January to 19 March 2020 | Md. Nazrul Islam | Md. Sohel Parvez<br>Nafis Ahmed |
| 8. | Non-linear Video Editing | 04 Weeks | 26 January to 20 February 2020 | Md. Munzurul Alam | Md. Masud Manwar Bhuiyan |
| 9. | Digital Office Management | 04 Weeks | 23 February to 19 March 2020 | Ms. Sahida Sultana | Md. Fahim Siddique |
| 10. | Basic Training on Broadcast Technology | 04 Weeks | 29 March to 23 April 2020 | Mohammad Abu Sadique | Nafis Ahmed |
| 11. | Online Digital Audio Recording and Editing | 02 Weeks | 03 May to 14 May 2020 | Md. Abdus Salam | Dewan Ashraful Islam<br>Ashif ohammad |
| 12. | Capacity Building for Community Radio | 01 Week | TBD | Ms. Sheuli Das | Nafis Ahmed |

# জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট অর্গানোগ্রাম

**পরিশিষ্ট-২**



# ২০১৮-১৯ অর্থবছরের আলোকচিত্র














# ২০১৮-১৯ অর্থবছরের আলোকচিত্র














# ২০১৮-১৯ অর্থবছরের আলোকচিত্র









